বঙ্গ-আরবী ব্যাকরণ।

ভূমিকা।

الرسول عربي - القران عربي - ولسان اهل الجنة عربي

হজরত পয়গম্বর (দরুদ) আরবী, ইসলাম ধর্ম্ম-পুস্তক পবিত্র কোরাণ শরিফের ভাষা আরবী, স্বর্গীয় দূতগণের ভাষা আরবী এবং হজরত পয়গম্বরের মাতৃভাষা আরবী বলিয়া আরবী ভাষা মোস্‌লেম জগতে সমধিক সমাদৃত ও সম্মানিত এবং এই জন্য প্রত্যেক মুসলমানই আরবী শিক্ষার্থে অত্যন্ত আগ্রহান্বিত ও অভিলষিত। তদ্ব্যতীত আরবী একটী আদিম ও উৎকৃষ্ট ভাষা, ইসলাম ধর্ম্মগ্রন্থগুলি আরবী ভাষায় লিখিত ও রচিত, এবং আরবীজ্ঞ মৌলভিগণ তদ্বিষয়ে অধিকার রাখেন বলিয়াই তাঁহারা আমাদের সমাজে এতাদৃশ আদৃত ও সম্মানিত।

বিদ্যোৎসাহী পারস্যবাসী মোস্‌লেমগণ আরবী ভাষায় অভিজ্ঞতা লাভ করতঃ স্বদেশবাসী ও স্বজাতিদিগের উপকারার্থে ও শিক্ষার্থে আরবী ভাষায় লিখিত ও রচিত মূল্যবান ধর্ম্মগ্রন্থাবলীকে পারস্য ভাষায় অনুবাদ করেন। পারস্য ভাষায় অনুবাদিত পুস্তকনিচয় পাঠান ও মোগল রাজত্বকালে ভারতবর্ষে প্রচলিত ও পঠিত হয়, ক্রমে পারসী ভাষা হইতে উক্ত ধর্ম্ম-গ্রন্থসমুহ উর্দ্দু ভাষায় অনুবাদিত হইতে থাকে। এইরূপে ভারতবাসী মোস্‌লেমগণ প্রথমতঃ পারসী ও উর্দ্দু ভাষার সাহায্যেই ইসলাম-ধর্ম্মের বিধাননিকর ও নিয়মাবলী অবগত হইতে সক্ষম হন। কালক্রমে ভারতবাসী মোস্‌লেমগণের হৃদয়ে আরবী ভাষায় লিখিত মূল গ্রন্থগুলি অধ্যয়নের বাসনা বলবতী হইলে তাঁহারা পারসী ও উর্দ্দু ভাষার সাহায্যাবলম্বনে আরবী পাঠ

পারসী ও উর্দ্দু ভাষায় প্রথমতঃ বিবৃত ও অনুবাদিত হয়, সুতরাং আরবী শিক্ষাভিলাষী মোস্‌লেমগণ আরবী বিদ্যালাভার্থে সর্ব্বাগ্রে পারসী ও উর্দ্দু ভাষার আদর ও যত্ন করিতে বাধ্য হন; নচেৎ অগ্নোপাসকের ভাষা পারসী ইস্‌লাম ধর্ম্মাবলম্বীদিগের নিকট আদৃত হইবার কোন বিশেষ কারণ নাই! বঙ্গভাষাভাষী মোস্‌লেমগণ আরবী অধ্যয়ন করিতে ইচ্ছা করিলে তাঁহাদিগের পক্ষে প্রথমতঃ পারসী বা উর্দ্দু শিক্ষা অনিবার্য্য; অতএব একটী বিদেশী ভাষা শিক্ষার্থে কোন এক বাঙ্গালী মুসলমানকে অন্য একটী সম্পূর্ণ বিদেশী অথবা অনভ্যস্ত ভাষা শিক্ষা করিতে হয়। এই জন্য বাঙ্গালী মুসলমানদিগের পক্ষে আরবী শিক্ষা অত্যন্ত দুষ্কর ও দুরূহ হইয়া দাঁড়াইয়াছে। অদ্যাবধি বিভিন্ন ভাষায় প্রায় দুই শত আরবী ব্যাকরণ প্রকাশিত হইয়াছে, কিন্তু আক্ষেপের বিষয় যে, একটীও সম্পূর্ণ আরবী ব্যাকরণ এ পর্য্যন্ত বাঙ্গলা ভাষায় প্রকাশিত হয় নাই। এরূপ অসুবিধাহেতুই বঙ্গীয় মুসলমানগণ সাধারণতঃ আরবী ভাষাকে কঠিন বলিয়া ধারণা করিয়া থাকেন, নচেৎ আরবীশিক্ষা সংস্কৃত বা পারসী ভাষাপেক্ষা কোন মতেই কঠিনতর নহে। আমাদের সমাজে আরবী শিক্ষা বিস্তারের চেষ্টা করা বিশেষ প্রয়োজন, কারণ ধর্ম্মভাষা আরবী শিক্ষার অভাবই বঙ্গীয় মোস্‌লেম সমাজের পতনের ও জাতীয়তা হীন হওনের মূল কারণ।

আরবী শিক্ষার্থিগণ فَعَلَ - فَعَلَا - فَعَلُوا প্রভৃতি ১৪টী পদের কর্ত্তৃবাচ্য ও কর্ম্ম বাচ্যের ধাতুরূপ; ا - و - ي স্বরবর্ণত্রয়ের পরিবর্ত্তন; পরিবর্দ্ধন, পরিবর্জ্জন প্রভৃতি; অমৌলিকবর্ণ ا - ت - س - ع ; ن - وَ - ي (যাহাদিগকে এক কথায় يَتَسَعُلُوا বলা যায়); সর্ব্বনাম هُوَ - هُمَا - ثُمَّ প্রভৃতি; فِي - مِنْ প্রভৃতি ১৭টী حرف جار প্রভৃতির নির্দ্দিষ্ট পদ্ধতিগুলি স্মরণ রাখিলেই আরবী ব্যাকরণের অন্তর্গত অন্যান্য জটিল বিষয়গুলি সহজে বোধগম্য করিতে পারিবে।

আরবী শিক্ষার্থিদিগের এইরূপ একটী অসুবিধা ও গুরুতর অভাব দূরীকরণার্থে এবং সাধারণের হৃদয় হইতে 'আরবী কঠিন ভাষা' এই ভুল ধারণা অপসৃত করণ হেতু ইংরেজী ও বাঙ্গলা ব্যাকরণের অনুরূপ

ক্রমিক التَّعْلِيم - تَرْتِيب - اسم - فعل ও حرف রূপে নূতন ধরণে এই আরবী ব্যাকরণ সংগৃহীত ও অনুবাদিত হইল। সুতরাং বহু স্থলে আরবী বৈয়াকরণগণের পুরাতন পদ্ধতির পরিবর্ত্তন ঘটিয়াছে। আরবী ক্রিয়াপদসমূহের ধাতুরূপের প্রায় সর্ব্ববিধ উদাহরণ এবং শিক্ষার্থী-দিগের সুবিধার্থে শব্দ, পদ ও বাক্যসমূহের বাঙ্গলা অর্থ প্রদত্ত হইয়াছে। প্রথম শিক্ষার্থীদিগের উৎসাহ ভঙ্গ হইবার আশঙ্কায় বর্ত্তমান পুস্তকে اَجْوَفْ - تَعْلِيْل - جُمْلَة র বিষয় বর্ণিত হয় নাই। পরবর্ত্তী সংখ্যায় এতদ্বিষয় আলোচনা করিবার বাসনা রহিল। ع - ح - خ - ع - غ - ق ইত্যাদি কতকগুলি বর্ণের উচ্চারণ অত্যন্ত কঠিন, কোন আরবীজ্ঞ মৌলভীর নিকট তাহাদের উচ্চারণ শিক্ষা করা প্রয়োজন, এই অসুবিধা নিবারণ হেতু কোন কোন স্থলে (ʼ) (ˆ) (ʻ) প্রভৃতি কতকগুলি চিহ্ন বাঙ্গলা বর্ণের প্রতি প্রযুক্ত হইয়াছে।

মিষ্টার ডনকেন্ সাহেবের "আঙ্গলো আরাবিক গ্রামার" ও মৌলভী ওবেদুল ওবেদী সাহেবের "মিফ্তাহুল্ আদীব" হইতে অধিক পরিমাণে সাহায্য গৃহীত হইয়াছে। তজ্জন্য কৃতজ্ঞ রহিলাম।

ইদানীং আরবী শিক্ষার সমধিক চর্চ্চা হইতেছে, এবং গবর্ণমেন্ট স্কুল ও কলেজসমূহে মুসলমান বালকগণকে আরবী শিক্ষাদানের ব্যবস্থা হইতেছে। আশা করি, এই পুস্তক দ্বারা আরবী শিক্ষার্থী ছাত্রগণের বিশেষ উপকার সাধিত হইবে। বর্ত্তমান পুস্তক প্রকাশে যদি কিঞ্চিৎ সাফল্য লাভ করিতে পারি, এবং আরবী শিক্ষার্থী-দিগের যদি কিয়ৎ পরিমাণে উপকার সাধিত হয়, তাহা হইলে পরিশ্রম সার্থক ও নিজকে কৃতার্থ মনে করিব।

حَمَاكَ اللّٰهُ مِنْ شَرِّ الذُّنُوبِ

جَزَاكَ اللّٰهُ فِي الدَّارَيْنِ خَيْرًا

জুন, আবদুল গণি,

گر ز سر معرفت آگه شوي
لفظ بگزاري سوئی معنی روي

বঙ্গ-আরবী ব্যাকরণ।

প্রথম ভাগ।

মানবজাতি যে সকল কথা বা শব্দের দ্বারা মনের ভাব প্রকাশ করিয়া থাকে, তাহাকে ভাষা বলে। দেশ ও জাতিভেদে ভাষা নানাবিধ; যথা:— আরবী, পারসী, সংস্কৃত, ইংরেজী, বাঙ্গালা ইত্যাদি।

যে বিদ্যা শিক্ষা করিলে কোনও এক ভাষা বিশুদ্ধভাবে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, সেই বিদ্যার নাম ব্যাকরণ। আর যে বিদ্যায় ব্যুৎপত্তি লাভ করিলে আরবী ভাষা বিশুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাহাকে আরবী ব্যাকরণ বা عربي قاعدۂ لساني বলে।

আরবী ব্যাকরণ চারি ভাগে বিভক্ত যথা:—

১। اَلْعِلْمُ الْحُرُوفُ الْهِجَاءُ (আল্-ইল্-মুল্ হারুফুল্ হিজ্জায়ো) অর্থাৎ বর্ণবিন্যাস।

২। اَلْعِلْمُ التَّصْرِيفُ (আল্ ইল্মুত্ তাস্‌রী ফো) অর্থাৎ পদ প্রকরণ।

☞ এই পুস্তকে তারতীবে আব্জাদী সম্বন্ধে বিশেষ কিছু আলোচনা করা যাইবে না।

৩। اَلْعِلْمُ النَّحْوُ (অালুইল্‌মুন্নাহু) অর্থাৎ বাক্য প্রকরণ।

৪। اَلْعِلْمُ الْعُرُوضُ (অলুইলমুলু ওরূযো) ছন্দ প্রকরণ।

বর্ত্তমান পুস্তকে আমরা কেবল বর্ণবিন্যাস এবং পদ প্রকরণ বিষয় বর্ণনা করিব। تَعْلِيْل ও اَجْوَف এর বিষয় বর্ত্তমান পুস্তকের অন্তর্ভুক্ত করা হইবে না। কারণ এতদ্বিষয় হৃদয়ঙ্গম করা প্রথম শিক্ষার্থীদিগের পক্ষে অত্যান্ত দুষ্কর হইবে।

اَلْبَابُ الْاَوَّلُ (প্রথম অধ্যায়)।

اَلْعِلْمُ الْحُرُوفُ الْهِجَاءِ (বর্ণ বিন্যাস)।

আরবী ব্যাকরণের যে অংশ পাঠ করিলে আরবী বর্ণমালা সমূহের বানান, উচ্চারণ, সংযোগ ও বিয়োগাদির বিষয় অবগত হওয়া যায়, তাহাকে বর্ণ বিন্যাস অর্থাৎ اَلْعِلْمُ الْحُرُوفُ الْهِجَاءِ বলে। অর্থাৎ শব্দের অন্তর্গত এক একটী ক্ষুদ্র ক্ষুদ্র সাঙ্কেতিক চিহ্নকে حُرُوفُ الْهِجَاءِ বলে। আরবী বর্ণমালাকে عِلْمُ الْاِمْلَاءِ (ইল্‌মুল্‌ইম্‌লাএ) ও বলা যায়।

আরবী ভাষায় সর্ব্বশুদ্ধ ২৮টী বর্ণ আছে। উক্ত বর্ণমালা দুই প্রকারে লিখিত হইয়া থাকে। প্রথম প্রণালীকে تَرْتِيْبُ التَّعْلِيْمِ (তার্‌তীবুৎ তা আলীমো) বলা যায়। এই প্রণালী দ্বারা শিক্ষার্থীদিগকে শিক্ষা প্রদান করা

যায়। দ্বিতীয় প্রণালীকে اَلتَّرْتِيبُ الْاَبْجَدُ (আত্তারতীবুল আবজাদো) বলা যায় ; এই প্রণালীতে সংখ্যানুসারে বর্ণসমূহ লিখিত হইয়া থাকে যথা :—

১০ - ৯ - ৮ - ৭ - ৬ - ৫ - ৪ - ৩ - ২ - ১

ا - ب - ج - د - ه - و - ز - ح - ط - ى

২০০ - ১০০ - ৯০ - ৮০ - ৭০ - ৬০ - ৫০ - ৪০ - ৩০ - ২০

ك - ل - م - ن - س - ع - ف - ص - ق - ر

১০০০ - ৯০০ - ৮০০ - ৭০০ - ৬০০ - ৫০০ - ৪০০ - ৩০০

ش - ت - ث - خ - ذ - ض - ظ - غ

(১) উক্ত বর্ণসমূহকে নিম্নলিখিত প্রকারেও পড়া যাইতে পারে।

قَرَشَتْ - سَعْفَصْ - كَلَمَنْ - حُطِّيْ - هَوَّزْ - اَبْجَدْ

আবজাদ - হাওয়াজ, - হুত্তি, - কালেমান, - সায়াফস, - কারশাত্

ثَخَذْ - ضَظَغْ

সাখায্, - যাযাগা,

(২) بَكَرَ - جَلَشَ - دَمَتَ - هَنَثَ - وَسَخَ - زَعَذَ - حَفَضَ

হাকাযা - যাআযা - ওসাখা - হানাসা - দামাতা - জালাশা - বকারা

৮৮৮ - ৭৭৭ - ৬৬৬ - ৫৫৫ - ৪৪৪ - ৩৩৩ - ২২২

طصط - ايقغى

ইকাগী - তাযাযা

১১১১ - ৯৯৯

السَّبَقُ الأَوَّلُ (১ম পাঠ)।

التَّرْتِيبُ التَّعْلِيمُ

আরবী	উচ্চারণ	বাঙ্গলা	আরবী	উচ্চারণ	বাঙ্গলা	আরবী	উচ্চারণ	বাঙ্গলা
ا	আলিফ্	"আ"	ز	জে	"জ"	ف	ফে	"ফ"
ب	বে	"ব"	س	সীন্	"স"	ق	কাঁফ্	"কঁ"
ت	তে	'ত'	ش	শীন্	"শঁ"	ك	কাফ্	"ক"
ث	সে	"স"	ص	ষয়াদ্	"ষ"	ل	লাম্	"ল"
ج	জীম্	"জ"	ض	'যয়াদ্' বা দয়াদ	'য' বা 'দ'	م	মীম্	"ম"
ح	হে	"হ"	ط	তৈ	'ত'	ن	নূন্	"ন"
خ	খেঁ	"খঁ"	ظ	যৈ	'য'	و	ওয়াও	"ভ" বা "হ্ব"
د	দাল্	"দ"	ع	আঁইন্	"আঁ"	ه	হেঃ	"হঃ"
ذ	"যাল্" বা "ধাল"	'য' বা 'ধ'	غ	গাঁইন	"গঁ"	ي	ইয়া	"য়"
ر	রে	"র"						

(ﻻ) লাম্ আলিফ্ সচরাচর ব্যঞ্জন বর্ণের মধ্যে গণ্য হইয়া থাকে। কিন্তু ইহা যখন দুই বর্ণের সংযোগে উৎপন্ন হয়, তখন তাহাকে পৃথকভাবে ব্যঞ্জন বর্ণের মধ্যে গণ্য করা নিষ্প্রয়োজন। (ء) হাম্‌জা, আলিফ্ বর্ণের রূপান্তর মাত্র, অতএব ব্যঞ্জন বর্ণ মধ্যে তাহাকেও পৃথকভাবে গণ্য করা যাইতে পারে না।

আরবী বর্ণমালার বিশেষ বিবরণ।

"ا" (আলিফ্)।

"ا" আলিফ বর্ণ যখন কোন حَرَكَاتٌ অর্থাৎ বানান প্রাপ্ত না হয়, তখন তাহাকে প্রকৃত আলিফ্ পড়া যায় যথাঃ—مَا - لَا - ইত্যাদি। কিন্তু যখন কোন বানান প্রাপ্ত বা سَاكِنْ ব্যবহৃত হয় তখন তাহাকে (ء) হাম্‌জা পড়া যায়, এবং একটু ঝোঁক দিয়া পাঠ করিতে হয় যথাঃ—أَ - إِ - أُ - أَخَذَ - رَأْسٌ ইত্যাদি। আলিফ্‌বর্ণ সচরাচর আরবী ভাষায় অনর্থকভাবে ব্যবহৃত হইয়া থাকে, এবং পাঠকালে তাহা উচ্চারিত হয় না যথাঃ—زَيْدًا - عَمْرًا - كُرِيمًا ইত্যাদি। আলিফ্ দুই প্রকার যথাঃ—اَلِفْ مَمْدُوْدَهْ ও اَلِفْ مَقْصُوْرَهْ যখন আলিফ্ দ্বিত্ব ব্যবহৃত এবং দীর্ঘ উচ্চারিত হয় তখন তাহাকে اَلِفْ مَمْدُوْدَهْ বলে, যথা اَعْلٰى তদ্ব্যতীত হ্রস্ব উচ্চারিত اَلِفْ কে اَلِفْ مَقْصُوْرَهْ বলা যায়। যথাঃ—اَبَ - حَمْرَاَ

"ب" ('বে')।

"ب" বে বর্ণ বাঙ্গলা ভাষায় "ব"র ন্যায় উচ্চারিত হইয়া থাকে যথা—اَبْ (আব্) تَبْ (তব্)।

"ت" (তে)।

'ت' তে 'ত'র ন্যায় পঠিত হয়, যথাঃ—بُتْ (বুত্) تَابْ (তাব্)।

"ث" (থেঁ)।

"ث" থেঁ আরব, মিসরী ও রূমীগণ ইহাকে "স" উচ্চারণ প্রাপ্ত "থ"র ন্যায় পাঠ করিয়া থাকেন। কিন্তু ভারতবাসী ও ইরাণী মুসলমানগণ ইহাকে "স"র মত উচ্চারণ করিয়া থাকেন। এই বর্ণের উচ্চারণ কালে, জিহ্বা-গ্রকে দন্তাগ্রের সহিত সামান্য ভাবে সংলগ্নকরতঃ উচ্চারণ করিতে হয়, যথাঃ— ثُمَّ (থুঁম্মা), عُثْمَانْ (ওথঁমান)। বাঙ্গলা বর্ণ ত, থ ইত্যাদির সহিত ت - ث এর অনেকটা সাদৃশ্য আছে।

"ج" (জীম্)।

"ج" জীম্, জিহ্বাকে দন্তমূলের সহিত সংলগ্নকরতঃ বাঙ্গলা "জ"র ন্যায় পড়িতে হয় যথাঃ— جَامْ (জাম্) جِنَّتْ (জিন্নাত্)।

"ح" (হে)।

"ح" হে প্রায় বাঙ্গলা "হ"র ন্যায় উচ্চারিত হয় যথাঃ— حَرْفْ (হরিফ্) কিন্তু ইহাকে হালক্ অর্থাৎ গলার ভিতর হইতে বাহির করিতে হয়।

"خ" (খেঁ)।

"خ" খেঁ" বর্ণকে বাঙ্গলা ভাষায় প্রকাশ করিবার কোন বিশেষ উপায় নাই; তবে খাকারা দিবার সময় যেরূপ শব্দ করা যায়; সেই ভাবে উচ্চারণ

"د" (দাল)।

"د" দাল বর্ণ বাঙ্গলা "দ"র ন্যায় পড়া যায় যথাঃ— دَارٌ (দারুন্)। "د" দাল বর্ণের পর "ت" বর্ণ আসিলে "দাল" সাকিন এবং "তে" দ্বিত্ব হইয়া থাকে। যথাঃ— اَرَدْتُّمْ (আরাত্তুম্)।

"ذ" (যাল্)।

"ذ" যাল; বঙ্গবাসিগণ ইহাকে "য"র মত পড়িয়া থাকেন। কিন্তু আরবগণ ইহাকে প্রায় "ধ"র মত পড়িয়া থাকেন। আমরা যেমন বাঙ্গলা বর্ণ মালায় দ, ধ পড়িয়া থাকি তাঁহারা সেইরূপ "দাল" "ধাল" পড়িয়া থাকেন, যথাঃ— اَخَذَ (আখাধা) عَذَبَ (গাধাবা)। এই বর্ণ উচ্চারণ কালে জিহ্বাকে সামান্যভাবে দন্তের সহিত সংলগ্ন করিয়া "দ" ও "ধ"র মধ্যস্থল উচ্চারণ করিলেই ভাল হয়। বাঙ্গলা "ধ"র পার্থক্য বুঝাইবার জন্য উক্ত "ধ"র প্রতি আমরা (-) এইরূপ একটী চিহ্ন ব্যবহার করিয়াছি।

"ر" (রে)।

"ر" রে, এই বর্ণ বাঙ্গলা বর্ণ "র"র সহিত সামঞ্জস্য রাখে, কিন্তু আরবগণ ইহাকে "র" ও "ড়"র মধ্যবর্ত্তী উচ্চারণ প্রদান করিয়া থাকেন। যথাঃ— رَحْمٰنٌ (রাহ্‌মানুন্)।

"ز" (যে)।

"ز" যে, ইহাকে বাঙ্গলা বর্ণ "য"র মত পড়া যায়। কিন্তু ইহাকে একটু "ঝ"র উচ্চারণ প্রদান করিতে হয়। ঝর উপর একটী বিন্দু দিয়া আমরা ইহাকে (ঝ়) এইরূপ প্রকাশ করিব।

"س" (সীন্)।

"س" "স" বাঙ্গলা ভাষার ন্যায় "স" কে 'শ'র মত পড়িলে অর্থের প্রভেদ ঘটে। অতএব আরবী পাঠ কালে "ش"ও "س"র উচ্চারণের প্রতি লক্ষ্য রাখিতে হইবে।

"ش" (শীন্)।

"ش" "শ" ইহার প্রতি তিনটী বিন্দু না দিলেও চলে কারণ বাঙ্গলা ভাষায় ش "শ" বর্ণের ন্যায়ই উচ্চারিত হইয়া থাকে।

"ص" (ষয়াদ)।

"ص" "ষ" ইহাকে 'সুয়াদ' পড়া যায়। ইহার উচ্চারণ কালে একটু শীষ দিবার ন্যায় শব্দ করিতে হয়। ص এর উচ্চারণের সময় জিহ্বাকে চ্যাপটা ভাবে দাঁতের উপর মাড়ির নিকট লইয়া যাইতে হয়। কিন্তু মিলাইতে হয় না। ইহার উচ্চারণ একটু "ছ"র আভাস পায়।

"ض" (যয়াদ্)।

"ض" ইহাকে দয়াদও পড়া যায়। ইহার উচ্চারণ কালে জিহ্বাকে উপরস্থ দন্তপংক্তির বাম পার্শ্বের দন্ত মূলের সহিত সামান্য ভাবে সংলগ্ন করিতে হয়। তবে বাঙ্গলা বর্ণ "দ" উচ্চারণ কালে জিহ্বাকে যদ্রূপ দন্তের সহিত দৃঢ়রূপে সংলগ্ন করিতে হয়, তদ্রূপ সংলগ্ন না করিয়া সামান্য ভাবে সংলগ্ন করিয়া উচ্চারণ করিতে হয়। এই বর্ণের উচ্চারণ লইয়া মুসলমান-দিগের কোন কোন সম্প্রদায়ের মধ্যে তুমুল তর্ক বিতর্ক হইয়া থাকে; এই সামান্য বিষয়ের জন্য এরূপ সামাজিক কলহ কোন মতেই বাঞ্ছনীয় নহে। কারণ যদি বানান স্মরণ থাকে তবে উচ্চারণ ভেদে অর্থ ভেদ হওয়া সম্ভবপর নহে। * উচ্চারণ প্রধানতঃ জিহ্বা চালনার প্রতি নির্ভর করে। আরবগণ

* বাঙ্গালা ভাষায় "শব" আর "সব" একই রূপে উচ্চারিত হইয়া থাকে। কিন্তু যাঁহাদের অর্থ ও স্থান জানা থাকে, তাঁহাদের নিকট উচ্চারণ ভেদে অর্থভেদ জন্মে না।

ইহাকে "দয়াদ্" পড়িয়া থাকেন। অতএব তাঁহাদের ভাষা পাঠ কালে তাঁহাদের উচ্চারণ অনুকরণ করাই বিধেয়। তবে এই স্থলে বক্তব্য এই যে "দয়াদ" পড়িলে সর্ব্বত্র "দয়াদ" অথবা "যয়াদ" পড়িলে সর্ব্বত্রই "যয়াদ্" পড়াই কর্ত্তব্য। সুবিধা মতে কোন স্থলে "দয়াদ্" ও কোন স্থলে "যয়াদ" পড়া উচিত নহে। যথাঃ—"দয়াদ" পড়িলে وُضُو (ওদূ) رَمَضَانْ (রামাদান্) وَلَا الضَّالِّين (ওলাদ্দায়াল্লিন) পড়িতে হইবে। আর "যয়াদ" পড়িলে وُضُو (ওযু) رَمَضَانْ (রামাযান্) وَلَا الضَّالِّين (ওলাজ্জায়াল্লিন) পড়িতে হইবে।

"ط" (তৈ)।

"ط" ইহাকে "তৈ" বা "তো" পড়া যায়।

"ظ" (যৈ)।

"ظ" ইহাকে "যৈ" বা যো পড়া যায়। বঙ্গভাষায় ইহার উচ্চারণ "য"র ন্যায় হইবে।

"ع" (আঁইন্)।

"ع" বাঙ্গলা ভাষায় ইহাকে উচ্চারণ করিবার জন্য সমোচ্চারণ প্রাপ্ত কোন বর্ণ নাই। তবে (আঁ) এইরূপ চিহ্নদ্বারা ইহাকে প্রকাশ করা যাইতে পারে, যথাঃ—فِعْل (ফে অঁল) تَعَبْ (তাঁব্) رُكُوع (রোকাঁআ)।

আঁইন্ আলীফের সহিত অনেকটা সামঞ্জস্য রাখে, যথাঃ— اَبْ (আব্) عَبْ (আঁব্)। জিহ্বা মূলকে কণ্ঠনালীর ভিতর টানিয়া লইয়া "ع" (আইন) উচ্চারণ করিতে হয়।

"غ" (গাঁইন)।

"غ" বাঙ্গলা ভাষায় আমরা ইহাকে "গঁ" এইরূপে প্রকাশ করিব, যথাঃ—غَضَبْ (গাঁযাব্)।

"ف" (ফে)।

"ف" "ফ" বাঙ্গলা ভাষায় "ফ" উচ্চারণ কালে যদ্রূপ ওষ্ঠদ্বয় মিলিত হয়, আরবীতে তদ্রূপ মিলিত না হইয়া কেবলমাত্র পরস্পর স্পর্শ করিয়া থাকে। যথাঃ—حَرْفٌ (হার্ফ্)।

"ق" (কাঁফ্)।

"ق" "কঁ" 'কর উপর (কঁ) এইরূপ দুইটী বিন্দু দিয়া আমরা আরবী ق প্রকাশ করিব, যথাঃ—حَقّ (হকঁ) কণ্ঠনালীকে তালুর সহিত চাপিয়া ق উচ্চারণ করিতে হয়।

"ك" (কাফ্)।

"ك"="ক"।

"ل" (লাম্)।

"ل"="ল"।

"م" (মীম্)।

"م"="ম"।

"ن" (নুঁ)।

"ن" "ন" এই বর্ণ নানা স্থানে নানারূপে উচ্চারিত হয়, নিম্নে তাহার বিশেষ বিবরণ প্রদত্ত হইল। ن বর্ণ বাঙ্গলা ঙ, ঞ, ণ, ন ও ঁ বর্ণের সহিত সামঞ্জস্য রাখে।

১। যখন ن বর্ণ ء - ه - ع - ح - غ - خ র পূর্ব্বে ব্যবহৃত হয়, তখন

ن আপন প্রকৃত উচ্চারণ প্রাপ্ত হয়, যথাঃ— اِنَّ اللّٰه - مِنْ خَوْفٍ - مِنْ حَرْفٍ

مِنْ اذُنٍ - مِنْ غَضَبٍ - مِنْ عَيْنٍ

২। ن বর্ণ যখন, ت - ث - د - ذ - ز - س - ش - ص - ض - ط - ظ - ف - ق - ک বর্ণের পূর্ব্ব বর্ণ হয়, তখন ن স্বাভাবিক অনুনাসিক উচ্চারণ প্রাপ্ত হয়, অর্থাৎ উপরোক্ত বর্ণসমূহ যখন কোন শব্দের প্রথম বর্ণ হয় এবং তাহাদের পূর্ব্ব বর্ণ যদি ن হয়, তবে সেই নুন 'ন'র ন্যায় উচ্চারিত হয়, যথাঃ—مِنْ دَارٍ - مِنْ كَانَ— ইত্যাদি।

৩। ن বর্ণ যখন ب বর্ণের পূর্ব্বে ব্যবহৃত হয়, তখন "ن," "م"র উচ্চারণ প্রাপ্ত হয়, যথাঃ—مِنْ بَيْتٍ (মিম্ বায়তে) عَنْبَرٌ (আম্বার্)।

৪। ن বর্ণ যখন ر - ل - م - ن - و - ي বর্ণের পূর্ব্বে ব্যবহৃত হয়, তখন তাহারা দ্বিত্ব পঠিত হয় এবং ن র উচ্চারণ লোপ প্রাপ্ত হয়, যথাঃ—مِنْ رَبِّي (মির্রাব্বি) مِنْ لَيْلَةٍ (মিল্লায় লাতে) مِمَّنْ = مِنْ مَنْ (মিম্মান্) مِنْ نَارٍ (মিন্নার) مِنْ وَالِدٍ (মিওয়্যালেদে) اَنْ يَتَقَدَّمَ (আয় ইয়াতা কাদ্দামা) এস্থলে দ্রষ্টব্য যে ن লোপ প্রাপ্ত হইয়াছে।

و ও ي—কোন শব্দের মধ্যে ن বর্ণের সহিত ব্যবহৃত হইলে কোন পরিবর্ত্তন পরিলক্ষিত হয় না, যথাঃ—اَيْنَ - قَانُونٌ। এই স্থলে স্মরণ রাখা উচিত যে, নুন যখন সাকেন ব্যবহৃত হয়, তখনই তাহার উচ্চারণের উপরোক্তরূপ পরিবর্ত্তন ঘটে।

"و" (ওয়াও)।

"و" এই বর্ণ যখন কোন শব্দের প্রথমে ব্যবহৃত হয়, তখন তাহা ব্যঞ্জন বর্ণ মধ্যে পরিগণিত হয়। ইহার উচ্চারণ কখন বাঙ্গলা "অ"র মত হয়,

কখন বাঙ্গলা "ও"র মত হয়, এবং كسرة প্রাপ্ত হইলে "ব"র আভাস প্রাপ্ত "ভ"র ন্যায় পাঠ করিতে হয়, যথাঃ—وَالِدْ (ওয়ালেদ্) وِرْدْ (ভির্দ্)।

"و" যখন কোন দুই পদ বা বাক্যকে সংযুক্ত করে, তখন তাহাকে عَطْف বলে। "و"র পূর্ব্বে যখন ضَمَّة থাকে এবং দীর্ঘ উচ্চারণ প্রাপ্ত হয়, তখন তাহাকে وَاو مَعْرُوف বলে; আর যখন ضَمَّة থাকা সত্বেও হ্রস্ব উচ্চারণ প্রাপ্ত হয়, তখন তাহাকে وَاو مَجْهُول বলে। যথাঃ—نُور (নূর) ও كُور (কূর্)। যখন "و" লিখিত এবং পঠিত হয়, তখন তাহাকে وَاو مَلْفُوظَه বলে। কিন্তু যখন লিখিত হয়, অথচ পঠিত হয় না, তখন তাহাকে وَاو غَير مَلْفُوظَه বা وَاو مَعْدُولَه বলা যায়। যথাঃ—قَوْس (কাঁওস)=ধনুক صَلٰوةٌ (ছালাত্)=নামাজ।

"ه" (হেঃ)।

"ه" এই বর্ণকে বাঙ্গলা ভাষায় "হঃ" দ্বারা প্রকাশ করা যাইতে পারে। আরবী ভাষায় এই "হেঃ" সচরাচর শব্দের অন্তে লিখিত হইয়া থাকে, তখন তাহাকে هَاى مُخْتَفِي বলা যায়, যথাঃ—لَهٗ - عَلَيْهٖ ইত্যাদি।

এই "ه"র প্রতি সচরাচর এইরূপ (ة) দুইটী বিন্দু দিয়া ت (ত) পঠিত হয়। আরবী ভাষায় কোন কোন শব্দ ব্যতীত ة সংযুক্ত শব্দসমূহ প্রায় স্ত্রীলিঙ্গবাচক পদ হইয়া থাকে। আর এই ة কোন পদ বা বাক্যের অন্তে ব্যবহৃত হইলে সচরাচর ه এর উচ্চারণ প্রাপ্ত হয়, যথাঃ عَلٰى اَبْصَارِهِمْ غِشَاوَةٌ (আলা আব্ছারে হিম্ গেশাওহঃ) فِى الْاَرْضِ خَلِيْفَةً (ফিল্ আরদে খলিফাহঃ)।

"ي" (ইয়া)।

"ي" এই বর্ণ যখন কোন শব্দ বা পদের প্রথমে ব্যবহৃত হয়, তখন তাহাকে وَاو বর্ণের ন্যায় ব্যঞ্জন বর্ণ গণ্য করা হয়, যথাঃ—يَدٌ (য়্যাদ্দে)

হাত। বাঙ্গলা "য়" বর্ণের সহিত ইহার অনেকটা সাদৃশ্য আছে। কখন কখন ইহার উপর ى এইরূপ একটী আলিফ্ প্রযুক্ত হইয়া থাকে, তখন য় উচ্চারণ লোপ প্রাপ্ত হয় এবং কেবল দীর্ঘ আলিফ উচ্চারিত হইয়া থাকে। তখন ইহা يَاءِ مَقْصُورَهْ ও يَاءِ مَكْتُوبِيْ কথিত হয়। যথাঃ—تَعَلّى (তা'লা) ও عُقْبى (ওকবা)।

আরবী বর্ণমালার উচ্চারণ কোন আরবীজ্ঞ পণ্ডিতের মুখে শ্রবণ না করিলে তাহাদের উচ্চারণ অবধারণ করা সুকঠিন। প্রকৃত পক্ষে আরবী অক্ষর ح - خ - ع - غ - ق প্রভৃতির উচ্চারণ বঙ্গভাষায় প্রকাশ করিবার কোন উপায় নাই, সাধারণতঃ ইহারা কণ্ঠের নিম্নস্তর হইতে উচ্চারিত হইয়া থাকে।

اَلسَّبَقُ الثَّانِيَةُ (২য় পাঠ।)

বাঙ্গলা বর্ণমালার ন্যায় আরবী বর্ণমালাও দুই ভাগে বিভক্ত, যথাঃ— حَرْفِ صَحِيْحْ ও حَرْفِ عِلَّتْ

اَلْحُرُوْفُ الْعِلَّةُ (স্বরবর্ণ)।

আরবী ভাষায় স্বরবর্ণ তিনটী মাত্র যথাঃ—ا - ي - و - ـَ (যাঁবার) ـِ (যের) ও ـُ (পেশ) এই তিন বর্ণের রূপান্তর। বাঙ্গলা ভাষায় ইহা-দিগকে আকার, একার ও ওকার বলা যাইতে পারে।

(পদ্য।)

হার্ফে ইল্লৎ তিন বর্ণ আরবীতে হয়।
'আলিফ,' 'ওয়াও' আর 'ইয়া' তারে কয়॥

বাঙ্গলা ভাষার ন্যায় আরবী ভাষাতেও স্বরবর্ণের সাহায্য ব্যতীত ব্যঞ্জনবর্ণ

উচ্চারিত হইতে পারে না। ব্যঞ্জনবর্ণ স্বরবর্ণের সংযোগে বিভিন্ন প্রকার শব্দ উৎপন্ন করিয়া থাকে।

اَلْحَرَكَاتُ (স্বরচিহ্ন।)

حَرَكَتْ। و - ي - ا হইতে উৎপন্ন فَتْحَ - كَسْرَة ও ضَمَّة কে حَرَكَاتْ বলে। حَرَكَتْ প্রাপ্ত শব্দকে مُتَحَرِّكْ বলে। حَرَكَاتْ এর দ্বিত্ব ব্যবহারে تَنْوِيْن এর উৎপত্তি হইয়া থাকে। পরে তদ্বিষয় বিবৃত হইবে।

'আকার,' 'একার,' 'ওকার' কে পারসী ভাষায় زَبَر - زِيْر - پِيْش বলে।

اَلْفَتْحُ

(আলিফ্) ব্যঞ্জনবর্ণের সহিত সংযুক্ত হইলে ـَ রূপান্তরিত হইয়া (ـَ) এই প্রকার রূপ ধারণ করে। আরবীতে ইহাকে فَتْح ও نَصَبْ এবং পার্সীতে زَبَرْ বলে। فَتْحْ প্রাপ্ত শব্দকে আরবীতে مَفْتُوْح বা مَنْصُوْب বলে। فَتْحْ বঙ্গভাষায় অকার ও আকারের মধ্যবর্ত্তী উচ্চারণ প্রাপ্ত হয়। বর্ত্তমান পুস্তকে فَتْحْ (ٰ) এইরূপ চিহ্নদ্বারা বঙ্গভাষায় প্রকাশিত হইবে। যথাঃ—رَبْ (রবি, تَبْ (তাব্)। এস্থলে প্রতীয়মান হইতেছে যে, আলিফ্ ফাতায় পরিণত হইলে তাহার দীর্ঘ উচ্চারণ লোপ প্রাপ্ত হয়, فَتْح কখন কখন আলিফের ন্যায় উচ্চারণ প্রাপ্ত হয়, তদ্ধেতু اَلِفْ (কে) مُوَافِقْ فَتْح ও বলা যায়, যথা— بَا (আব্)।

আলিফ্ যখন فَتْح প্রাপ্ত হয়, তখন আলিফ্ দীর্ঘ উচ্চারিত হইয়া থাকে। যথাঃ—حَارْ (হারূণ্) نَارْ (নারূন্)। সাধারণতঃ বলিতে পারা যায় যে, 'আলিফ্' বাঙ্গলা 'অকার' এবং 'আকার' উভয়ের কার্য্য করিয়া থাকে, فَتْح বর্ণের উপরে প্রযুক্ত হইয়া থাকে।

اَلْكَسْرَةُ

এইরূপ চিহ্নকে আরবীতে كَسْرَة - كَسْر - جَرّ ও جَر এবং পার্সীতে

زير বলে। يا কে كَسْرَة মুওয়াফিক মোয়াফেক ও বলে। كَسْرَة র সহিত ي ব্যবহৃত হইলে كَسْرَة দীর্ঘ উচ্চারণ প্রাপ্ত হয়। كَسْرَة বাঙ্গলা স্বরবর্ণ 'একার' 'ইকার' ও ৮ প্রাপ্ত হইলে 'ঈকারের' কার্য্য করিয়া থাকে, যথা:—اِقْرَ (একরা), اِذَا (এযা), اِنَّ (ইন্না), اِلَّا (ইল্লা), بِنْتِ (বিনতে), مِنَّتِ (মিন্নাতে), دِيْنِ—(দীনে), ও حِيْرِ (হীরূন) ইত্যাদি। كَسْرَة প্রাপ্ত শব্দকে مَكْسُور বা مَجْرُور বলে। كَسْرَة বর্ণের নিম্নে প্রযুক্ত হয়।

اَلضَّمَّةُ

ُ এইরূপ চিহ্নকে আরবীতে ضَمَّة—ضَم এবং رَفْع ও পার্সীতে پِيْش বলে। وَاو কে ضَمَّة মোয়াফেক ও বলে। ضَمَّة বাঙ্গলা ভাষার 'ওকার' 'উকার' এবং و প্রাপ্ত হইলে 'উকারের' কার্য্য করিয়া থাকে যথা— اَلشَّمْسُ (আশ্‌শাম্‌সো), اَلْمُلْكُ আল্‌মুল্‌কো) قُلُوْبُ (কুলূব) ইত্যাদি। ضَمَّة প্রাপ্ত শব্দকে مَضْمُوم ও مَرْفُوع বলে। ضَمَّة বর্ণের উপরে প্রযুক্ত হয়।

ا - ي - و পরিবর্ত্তনশীল বর্ণ, সচরাচর এক অপরের স্থান অধিকার করিয়া থাকে। ক্রিয়া প্রকরণকালে তাহাদের বিশেষ বিবরণ প্রদত্ত হইবে।

اَلْحُرُوفُ الْمَدَّةُ (দীর্ঘবর্ণ।)

ا - ي - و বর্ণকে আরবীতে حُرُوفُ الْمَدّ (হোরূফুল্ মাদ্দা) বলে। যখন الف এর সহিত فَتْح , يَا র সহিত كَسْرَة এবং وَاو এর সহিত ضَمَّة ব্যবহৃত হয়, তখন তাহারা দীর্ঘ উচ্চারণ প্রাপ্ত হয়। যথা:—حَارُ - حِيْرُ - حُورُ। দীর্ঘ উচ্চারণ প্রাপ্ত বর্ণকে مَدّ বলে। স্বজাতীয় حَرَكَات সংযোগেও যখন উক্ত

বর্ণত্রয় দীর্ঘ উচ্চারণ প্রাপ্ত না হয়, তখন তাহাদিগকে لِيْن (লীন) বলে;
যথাঃ— اَوَّلْ - قَوْلْ - دِيْن

কখন কখন "ا" আলিফ্ বর্ণ ي বর্ণের সহিত সংযুক্ত হইয়া ব্যবহৃত হয় এবং আলিফ্ দীর্ঘ উচ্চারণ প্রাপ্ত হয়, ও يْ র উচ্চারণ লোপ পায় যথাঃ— تَعَالٰى (তাআলা); عُقْبٰى (ওকবা) مُصْطَفٰى (মোস্তফা) ইত্যাদি।

اَلْمَدّ

কখন ২ দীর্ঘ আলিফ্ প্রকাশ করিবার জন্য আলিফের উপর (—) এইরূপ একটী চিহ্ন ব্যবহৃত হইয়া থাকে, তাহাকে مَدّ বলে, যথাঃ— آدَمُ - آلٰاءُ اَلسَّمَآءُ প্রকৃতপক্ষে এটা দ্বিত্ব আলিফের ব্যবহার। ইহাকে اَلِفْ مَمْدُوْدَهْ বলা যায়।

اَلْوَصْلُ

"ال" تَعْرِيْفِيْ র উপর সচরাচর আরবীতে (ٱ) এইরূপ একটী চিহ্ন প্রযুক্ত হইয়া থাকে; ইহাকে وَصْلْ (ওস্‌ল্) বা وَصْلٌ (ওস্‌লুন) বলে। এইরূপ চিহ্ন দুইটী শব্দ বা পদকে সংযুক্ত করিয়া থাকে। যথাঃ—بَيْتُ الْقُدْسِ (বাইতুল্ কুদস্)। وَصْلْ বাঙ্গলা সমাসের ন্যায় ব্যবহৃত হয়।

اَلتَّنْوِيْنُ

যখন কোন حركت দ্বিত্ব লিখিত হয়, তখন তাহাকে আরবী ভাষায় تَنْوِيْن (তান্‌ভীন্) বলে। "তান্‌ভীন্" অনুনাসিক উচ্চারণ প্রাপ্ত হয়। ইহাকে অনুনাসিক "নুন" বলা যাইতে পারে। "তান্‌ভীন্" তিন প্রকার যথাঃ—تَنْوِيْنُ الْفَتْحِ - تَنْوِيْنُ الْكَسْرَةِ - تَنْوِيْنُ الضَّمَّةِ - زَيْدٍ كَرِيْمًا - دَارٌ ইত্যাদি।

নিয়ম।

فَتْحِ تَنْوِين এর সহিত সর্ব্বত্র একটী অর্থবিহীন "ا" আলিফ্ ব্যবহৃত হইয়া থাকে, যথাঃ—زَيْدًا - كَرِيمًا ইত্যাদি। কিন্তু কোন শব্দের শেষবর্ণ ة বা ء হইলে فَتْحِ تَنْوِين থাকা সত্বেও উক্ত অর্থবিহীন আলিফ্ সংযুক্ত হয় না যথাঃ—حِكْمَةً - اَمْرءً ইত্যাদি।

পূর্ণচ্ছেদ অর্থাৎ (◎) এইরূপ চিহ্নের পূর্ব্বে تَنْوِين বা কোন حَرَكَتْ উচ্চারিত হয় না এবং حَرَكَتْ প্রাপ্ত বর্ণ سَاكِن ও ة বর্ণ ه পঠিত হইয়া থাকে। যথা ◎ حِكْمَةٌ (হেক্মাহ্) ◎ كِتَابٌ (কেতাব)।

(পদ্য।)

যে শব্দ হারকাত দ্বিত্বে হয় উচ্চারিত।
সে শব্দ আর্বীতে হয় তান্ভীন্ কথিত॥

اَلْجَزْم

আরবী ব্যাকরণে حَرَكَتْ বিহীন বর্ণের প্রতি (ْ) এইরূপ একটী চিহ্ন প্রযুক্ত হয়, তাহাকে سُكُونْ (সুকুন্) বা جَزْم (জায্ম্) বলে। বাঙ্গলা ভাষায় ইহাকে হসন্তসূচক চিহ্ন বলিয়া গণ্য করিতে পারা যায়। আর যে, বর্ণের প্রতি جَزْم প্রযুক্ত হয়, তাহাকে سَاكِن বলে। যথাঃ—حَرَكَاتْ ও جَنَّتْ এখানে ت ও ر সাকেন বর্ণ। দ্বিতীয় سَاكِن বর্ণকে مَوْقُوفْ বলে, যথাঃ— جَزْم এর م।●

اَلتَّشْدِيْدُ

যখন কোন আরবী বর্ণ দ্বিত্ব উচ্চারিত হয়, তখন তাহাকে تَشْدِيْد (তশ্-দিদ্) বা اِدْغَام (এদ্‌গাম্) বলে। এবং তাহার চিহ্ন (ّ) এইরূপ, যথাঃ— اَشَدُّ (আশাদ্দো); مَدَّ (মাদ্দা), شِدَّتْ (শিদ্দাত্) ইত্যাদি। ইহাকেও যুক্তাক্ষর বলা যাইতে পারে।

اَلْوَقْفُ

পূর্ণচ্ছেদকে আরবীতে وَقْفٌ (ওকঁফ্) বলে। وَقْفٌ এর প্রকৃত অর্থ বিশ্রাম করা। ছেদ্ সম্বন্ধে আরবী বৈয়াকরণগণ কোন বিশেষ নিয়মাবলম্বন করেন নাই। পবিত্র কোরাণ পাঠকালে আমরা নানাপ্রকার ছেদ দেখিতে পাই যথাঃ— ج - لا - ط - ع - ص - ز - م ইত্যাদি। عِلْمِ نَحْوٌ অর্থাৎ বাক্য প্রকরণকালে এতদ্বিষয়ের বিশেষ বিবরণ প্রদত্ত হইবে। সাধারণতঃ ছেদসমূহ বাঙ্গলা ভাষার ন্যায় অর্থ ও ভাবের প্রতি নির্ভর করে। বর্ত্তমান পুস্তকে স্থল-বিশেষে বাঙ্গলা ও ইংরাজী চিহ্ন ব্যবহৃত হইবে। নিম্নে কয়েকটী ছেদের বিশেষ বিবরণ প্রদত্ত হইল।

দাঁড়ি, কমা, ইত্যাদির বিবরণ।

ۘ এই চিহ্নকে وَقْفِ لَازِمْ (ওয়াকঁফে্ লাজিম) বলে। এই চিহ্ন কোন পদের (আএতের) পরে দৃষ্ট হইলে এবং উক্ত পদের শেষ অক্ষরে যের, যাবার, পেশ থাকিলে তাহা পরিত্যাগ করিবে; এবং পূর্ণচ্ছেদের ন্যায় থামিতে হইবে। না থামিলে (কাফের) পাপী হইবার সম্ভাবনা। পদের শেষ অক্ষরে "ة" থাকিলে (ه হে) এর উচ্চারণ করিতে হইবে। ۚ এই চিহ্নকে وقف جايز (ওয়াকঁফে জাএয্) বলে। এইরূপ চিহ্ন কোন পদের অর্থাৎ আএতের পরে থাকিলে তথায় বিশ্রাম করা বা না করা পাঠকের ইচ্ছাধীন। পদের শেষবর্ণ স্বরসহ উচ্চারণ করাই উচিত, না করিলে কোন দোষ হয়

না। ۝ এইরূপ চিহ্ন কোন পদের শেষে থাকিলে সেখানে থামিবার কোন প্রয়োজন হয় না। পদের শেষ অক্ষরের স্বর পরবর্ত্তী অক্ষরের সহিত সংযুক্ত করিয়া পড়িতে পারা যায়, অর্থ বিশেষে বিশ্রামও করা যাইতে পারে। ۝ এইরূপ চিহ্নের নাম وَقْفٌ مُطْلَقٌ (ওয়াক্ফে মৎলাক্) ইহা কোন বাক্যের শেষে ব্যবহৃত হইলে পূর্ণছেদের ন্যায় বিশ্রাম করা কর্ত্তব্য; কিন্তু না থামিলে উপরোক্ত মীমের ন্যায় কাফের হইবার আশঙ্কা নাই। স্থান বা অর্থ বিশেষে না থামিলে আশঙ্কার কারণ আছে। "۝" এইরূপ চিহ্নের স্থানে বিশ্রাম করা এবং বাক্যের শেষ বর্ণের স্বর ত্যাগ করা নিতান্ত আবশ্যক। স্থান বিশেষে অর্থের ব্যতিক্রম ঘটিলে কাফের হইবারও আশঙ্কা আছে। ج এর পর কোন স্থানে (.·.) এইরূপ চিহ্ন থাকিলে সেই স্থানেই বিশ্রাম করা আবশ্যক। ق এই চিহ্ন দৃষ্ট হইলে কাহারও কাহারও মতে সেই স্থানে বিশ্রাম করা সিদ্ধ। صلے এই চিহ্ন কোন আয়েতের পর দৃষ্ট হইলে তথায় বিশ্রাম করা শ্রেয়ঃ; এবং আয়েতের শেষ অক্ষরের স্বর পরিত্যাগ করা ভাল। س এই চিহ্ন স্থানে "কমার" ন্যায় বিশ্রাম করা ভাল; আয়েতের শেষ অক্ষরের স্বর পরবর্ত্তী আয়েতের অক্ষরের সহিত মিলাইয়া পড়া শ্রেয়ঃ। ইহাকে "ছায়াতা" বলে। وقفة এইরূপ চিহ্নস্থানে অন্যান্য "চিহ্নের" ন্যায় বিশ্রাম করা উত্তম। قلے এইরূপ চিহ্নস্থানে অনেকের মতে বিশ্রাম করা যাইতে পারে। قِفْ এইরূপে চিহ্নস্থানে বিশ্রাম করা উচিত, অন্যথায় অর্থের ব্যতিক্রম হয় না।

اَلسَّبَقُ الثَّالِثُ (৩য় পাঠ।)

اَلْحُرُوْفُ الصَّحِيْحُ (ব্যঞ্জন বর্ণ।)

আরবী ব্যাকরণে ২৫টী حَرْفُ صَحِيْحٌ (হার্‌ফে ছাহিঃ) অর্থাৎ ব্যঞ্জনবর্ণ আছে; যথাঃ—

ب - ت - ث - ج - ح - خ - د - ذ - ر - ز - س - ش - ص - ض - ط - ظ - ع - غ - ف - ق - ک - ل - م - ن - ه *

। - و - ي কোন শব্দের প্রথমবর্ণ হইলে ব্যঞ্জনবর্ণে পরিণত হয়, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। ء ও ي বর্ণদ্বয় কখন ২ ব্যঞ্জনবর্ণরূপে ব্যবহৃত হয়। اَلِفْ - بَے প্রভৃতি বর্ণ লিখিতে যত বর্ণের প্রয়োজন হয়; সেই বর্ণের সংখ্যানুসারে ব্যঞ্জনবর্ণ তিন প্রকার।

১। مَسْرُوْرِيْ যে বর্ণ লিখিতে দুইটী বর্ণের প্রয়োজন হয়, তাহাকে حَرْفِ مَسْرُوْرِيْ (হার্ফে মসরূরি) বলে; এবং তাহাদের সংখ্যা দ্বাদশটী যথাঃ

بے - تے - ثے - حے - خے - رى - زى - طو - ظو - فے - ھے - يے
বে - তে - ষে - হেঃ - খে - রে - যে - তো - যো - ফে - হেঃ ইয়ে

ইহাদিগকে بَا - تَا - ثَا (বা - তা - সা) ইত্যাদিরূপেও লিখিতে পারা যায়। سَرَّ (গুপ্ত ছিল) হইতে مَسْرُوْرِيْ

২। مَلْفُوْظِى যে সকল বর্ণ লিখিতে তিনটী বর্ণের প্রয়োজন হয়, এবং যাহাদের প্রথমবর্ণ ও তৃতীয়বর্ণ সমবর্ণ নহে, তাহাকে حَرْفِ مَلْفُوْظِى (হার্‌ফে মাঁলফুযী) বলে। মাঁলফুযী ত্রয়োদশ বর্ণ যথাঃ—

اَلِفْ - جِيْمْ - دال - ذال - سِيْن - شِيْن - صَاد - ضَاد - عَيْن - غَيْن
আলিফ - জীম্ - যাল্ - দাল -।সীন্ - শীন্ - যাদ - যাদ্ - আইন - গাইন

قَاف - كَاف - لاَمْ। (কাঁফ - কাফ - লাম্)

(لَفَظَ সে উচ্চারণ করিয়াছিল।) হইতে مَلْفُوْظِى

৩। مَكْتُوْبِى যে সকল বর্ণ লিখিতে তিনটী অক্ষরের প্রয়োজন হয় এবং যাহাদের প্রথম ও শেষবর্ণ সমবর্ণ, তাহাদিগকে حَرْفِ مَكْتُوْبِى (হার্ফে মাক্‌তুবি) বলে। حَرْفِ مَكْتُوْبِى তিনবর্ণ যথাঃ— مِيْمْ - نُوْن - وَاوْ

كَتَبَ (সে লিখিয়াছে) হইতে مَكْتُوْبِى

যে সকল বর্ণের সহিত نُقْطَةٌ অর্থাৎ বিন্দু ব্যবহৃত হয়, তাহাদিগকে مُعْجَمَةٌ বা مَنْقُوطَةٌ বলে, ইহারা ১৫টী যথাঃ— ب - ت - ث - ج - خ - ذ - ز - ش - ض - ظ - غ - ف - ق - ن - ي

যে সকল বর্ণের উপরে نقطة থাকে, তাহাদিগকে فوقانى বলে, যথাঃ— ت - ث - خ - ذ - ز - ش - ض - ظ - غ - ف - ق - ن

যে সকল বর্ণের নীচে نُقْطَةٌ থাকে, তাহাদিগকে تَحْتَانِيٌّ বলে, যথাঃ— ب - ج - ي

যে সকল বর্ণের نُقْطَةٌ থাকে না তাহাদিগকে مُهْمَلَةٌ বা غَيْرُ مَنْقُوطَةٍ বলে, ইহারা ১৩টী যথাঃ— ا - ح - د - ر - س - ص - ط - ع - ك - ل - م - و - ه

پ - چ - ژ - گ কেবল পার্সী ভাষাতেই ব্যবহৃত হয়, তাহারা আরবী ব্যাকরণের অন্তর্গত নহে। ইহাদিগকে حَرْفِ عَجَمِيٌّ বলে। যে সকল অক্ষর কেবল আরবীতে ব্যবহৃত হয়, তাহাদিগকে حَرْفِ تَازِى বলে।— ث - ح - ص - ض - ط - ظ - ع - ق

যে সকল শব্দে حَرْفِ عَجَمِيٌّ পাওয়া যায়, তাহারা পারসী শব্দ যথাঃ— پاک - گوش - چمن - ژاله

আর যে সকল শব্দে حَرْفِ تازى প্রাপ্ত হওয়া যায়, তাহারা আরবী শব্দ। যথাঃ— ثابت - حكم - صاحب - ضامن - طب - ظلم - عشق - قاصد

বর্ণ বিভাগ।

আরবী বর্ণমালার উচ্চারণ সম্বন্ধে আরবীজ্ঞ বৈয়াকরণগণের মধ্যে মতভেদ আছে; তথাপি এই স্থলে শিক্ষার্থীগণের উপকারার্থে সাধারণতঃ আরবী ব্যাকরণে গৃহীত নিয়ম নিচয় নিম্নে প্রদর্শিত হইল। উচ্চারণ সম্বন্ধে আরবী ও বাঙ্গলা বর্ণমালার মধ্যে পার্থক্য ও সামঞ্জস্য ইতিপূর্ব্বে বর্ণিত হইয়াছে।

বর্ণের উচ্চারণের উৎপত্তিস্থলকে আরবীতে مَخْرَجٌ (মাখরাজ্) বলে।

১। ৪ - غ - ع - خ - ح - ا এই ষষ্ঠবর্ণ حَلْق হইতে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে حَرْفِ حَلْقِي (হার্ফে হাল্‌কি) অর্থাৎ কণ্ঠবর্ণ বলে। ইহাদিগের উৎপত্তি স্থান এক হইলেও উচ্চারণে প্রভেদ আছে যেমন পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে।

"হার্‌ফে হালকি" ষষ্ঠ বর্ণ জানিবে নিশ্চয়।
'আইন' 'গাইন' 'হে' 'হেঃ' 'খে' 'আলিফ্' তারা হয়॥

২। و - م - ف - ب এই বর্ণ চতুষ্টয় لَبْ (লাব্) বা ওষ্ঠ হইতে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে حَرْفِ شَفْوِي (হার্ফে শাফ্‌ভি) অর্থাৎ "ওষ্ঠ" বর্ণ বলে।

"হার্‌ফে শাফ্‌ভি" চতুর্বর্ণ যতনে পড়িবে।
'মীম্' 'ওয়াও,' 'ফা' ও 'বা' কে হৃদয়ে গাঁথিবে॥

৩। ي - ك - ق - ج এই বর্ণ চতুষ্টয় তালু হইতে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে حَرْفِ لَهْوِي (হার্ফে লাহ্‌ভি) অর্থাৎ তালব্য বর্ণ বলে।

"হার্‌ফে লাহ্‌ভি" চতুর্বর্ণ করহ শ্রবণ।
"জীম" "কাঁফ" "কাফ" "ইয়ে" রাখিবে স্মরণ॥

৪। ن - ل - ظ - ط - ذ - د - ث - ت ইহারা দন্তমূল হইতে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে حَرْفِ سِنِّيَة (হার্ফে সিন্নিয়াহ্) অর্থাৎ দন্তমূল বর্ণ বলা যায়;

"হার্ফে সিন্না" অষ্টবর্ণ আরবী বচন।
তে, সে, তো, যো, দালো, যালো, লামো নুন॥

৫। ض - ص - ش - س - ز - ر ইহারা জিহ্বামূল হইতে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে حَرْفِ اَصَلِيَة (হার্ফে আষ্‌লিয়া) বা জিহ্বামূলীয় বর্ণ বলা যায়।

"হার্ফে আষ্‌লি ষষ্ঠ বর্ণ অয়ি কোবাদ।

حُرُوفِ شَمْسِي

حَرْفِ ت - ث - د - ذ - ر - ز - س - ش - ص - ض - ط - ظ - ل - ن অর্থাৎ

سِنِّيَه এবং اَصْلِيَه حَرْفِ কে একত্রে حُرُوفِ شَمْسِي (হুরূফে শাম্‌সী) বলে।

পড়িবে যখন তুমি আর্বী ব্যাকরণ।
"হর্ফে শামসী" চৌদ্দ বর্ণ রাখিবে স্মরণ॥
'তে' 'সে' 'তো' 'যো' 'দাল্' 'যাল্' ও 'নুন' ও 'লাম'।
'রে' 'যে' 'সীন' 'শীন' 'ষাদ্' 'যাদ' শুন কালাম॥

حُرُوفِ قَمْرِي

ا - ب - ج - ح - خ - ع - غ - ف - ق - ک - م - و - ه - ي

حُرُوفِ قَمْرِي কে একত্রে حَرْفِ شَفْوِيَه এবং حَرْفِ لَهْوِيَه ও حَرْفِ حَلْقِي অর্থাৎ

(হুরূফে কাম্‌রী) বলে।

পড়িবে যখন তুমি আর্বী ব্যাকরণ।
"হর্ফে কামরী" চৌদ্দ বর্ণ রাখিবে স্মরণ॥
'মীম' 'ওয়াও' 'ফা' ও 'বা' কে হৃদয়ে গাঁথিবে।
'জীম্' 'কাফ্' 'কাফ্' 'ইয়া' স্মরণ রাখিবে॥
'আইন,' 'গাইন,' 'হে, হেঃ,' 'খে' 'আলিফ' অবশিষ্ট।
পড়িতে থাকিবে সবে হয়ে হৃষ্টচিত্ত॥

اَلِفْ وَلاَمْ

এই দুই বর্ণ কখন কখন একত্রে ব্যবহৃত হয়, তখন তাহাকে "اَلْ" বা مُصَرَّفْ বা "ال" تَعْرِيفِي বলা যায়। বাঙ্গলা ভাষায় কোন নির্দ্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝাইতে হইলে যেরূপ একটী "ঐ" অব্যয় ব্যবহৃত হয়, আরবীতে সেইরূপ "ال" ব্যবহৃত হইয়া থাকে।

১। যখন কোন আরবী শব্দের প্রথম বর্ণ حَرْفِ شَمْسِيْ হয় এবং সেই শব্দের পূর্ব্বে " ال " প্রযুক্ত হয়, তখন " ا ل " র 'ل' পরবর্ত্তী শাম্‌সীবর্ণের সহিত পরিবর্ত্তিত হইয়া উক্ত শামসী বর্ণকে مُدْغَمْ অর্থাৎ দ্বিত্ব উচ্চারণ প্রদান করে ; যথা :—

اَلدَّارُ = اَلْ + دَارٌ	اَلشَّمْسُ = اَلْ + شَمْسٌ
اَلصَّبِيُّ = اَلْ + صَبِيٌّ	اَلرَّحْمَانُ = اَلْ + رَحْمَانٌ
اَلطَّعَامُ = اَلْ + طَعَامٌ	اَلسَّفِيْنَةُ = اَلْ + سَفِيْنَةٌ
اَللَّطِيْفُ = اَلْ + لَطِيْفٌ	اَلتَّاجُ = اَلْ + تَاجٌ
اَلنُّوْرُ = اَلْ + نُوْرٌ	اَلثَّالِثُ = اَلْ + ثَالِثٌ
اَلظُّلْمَةُ = اَلْ + ظُلْمَةٌ	اَلزِّحَامُ = اَلْ + زِحَامٌ
اَلضَّلَالَةُ = اَلْ + ضَلَالَةٌ	اَلذِّرَاعُ = اَلْ + ذِرَاعٌ

কিন্তু কোন قَمَرِيْ বর্ণের পূর্ব্বে " اَلْ " বসিলে কামরী বর্ণের সহিত " ال " র ل পরিবর্ত্তিত হয় না ; যথা :—

اَلْبَيْتُ = اَلْ + بَيْتٌ	اَلْأَوَّلُ = اَلْ + أَوَّلٌ
اَلْمَرْكَبُ = اَلْ + مَرْكَبٌ	اَلْحَدِيْثُ = اَلْ + حَدِيْثٌ
اَلْكِتَابُ = اَلْ + كِتَابٌ	اَلْخَاطِرُ = اَلْ + خَاطِرٌ
اَلْقَمَرُ = اَلْ + قَمَرٌ	اَلْفَرَسُ = اَلْ + فَرَسٌ

উপরোক্ত উদাহরণ দ্বারা প্রতীয়মান হইতেছে যে " اَلْ " যুক্ত আরবী শব্দের শেষ বর্ণ مُضْمَرْ تَنْوِيْن مَضْمُوْمْ স্থলে مَضْمُوْمْ হইয়া থাকে।

২। সচরাচর আরবী ভাষায় বিশেষ্য পদস্থ শেষ বর্ণ تَنْوِيْنْ مَضْمُوْمْ হইয়া থাকে, কিন্তু কোন শব্দের বা পদের পূর্ব্বে "اَلْ" প্রযুক্ত হইলে تَنْوِيْنْ লোপ পায় ও ضَمَّهْ থাকিয়া যায়। অর্থাৎ "اَلْ" ও تَنْوِيْنْ مَضْمُوْمْ একত্রে ব্যবহৃত হয় না। ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে اَلْ র ل শামসী বর্ণের সহিত মিলিত হইলেও তাহা سَاكِنْ রূপে লিখিত হইয়া থাকে যথাঃ—اَلنَّاسُ = اَلْ + نَاسٌ

৩। যখন কোন দুই আরবী শব্দ সংযুক্ত হয় তখন বাঙ্গলা স্বর সন্ধির ন্যায় দ্বিতীয় শব্দের প্রথম বর্ণের (حَرَكَتْ) বানান লোপ প্রাপ্ত হয় এবং কখন ২ প্রথম শব্দের শেষ বর্ণের (حَرَكَتْ) বানান প্রাপ্ত হইয়া থাকে ; যথাঃ—

اَللّٰهُ + اِنَّ = اِنَّ اللّٰهَ | اَللّٰهُ + لِ = لِلّٰهِ

اَللّٰهُ + وَاتَّقُوْا = وَاتَّقُوا اللّٰهَ | اِخْتَلَفَ + مَا = مَااخْتَلَفَ

اِغْفِرْلَنَا + فَ = فَاغْفِرْلَنَا | اُنْصُرْنَا + فَ = فَانْصُرْنَا

৪। আরবী দুই শব্দের মধ্যে প্রথম শব্দের শেষ বর্ণ যদি (حَرَكَتْ) বানান বিহীন অর্থাৎ سَاكِنْ হয় তাহা হইলে কখন কখন ঐ সাকিন বর্ণ দ্বিতীয় শব্দের প্রথম বর্ণের বানান প্রাপ্ত হইয়া থাকে যথাঃ—

مِنَ اللّٰهِ = مِنْ + اَللّٰهِ   مِنَ الْكِتٰبِ = مِنْ + اَلْكِتٰبِ

৫। অনির্দ্দিষ্ট বস্তু বা ব্যক্তিকে নির্দ্দিষ্ট করিতে হইলে আরবী ভাষায় তাহার পূর্ব্বে اَلْ প্রয়োগ করিতে হয়, যথাঃ—

رَجُلٌ অর্থে অনির্দ্দিষ্ট ব্যক্তিকে বুঝায়; কিন্তু اَلرَّجُلُ বলিলে কোন নির্দ্দিষ্ট ব্যক্তিকে বুঝায় সেইরূপ;

شَجَرٌ অর্থে বৃক্ষ বিশেষ اَلشَّجَرُ ঐ বৃক্ষ।
كِتَابٌ পুস্তক কিন্তু اَلْكِتَابُ ঐ পুস্তক।

৬। যখন কোন "ل" যুক্ত শব্দের পূর্ব্বে اَلْ বসে তখন দুইটী 'ل' পৃথক পৃথক না লিখিয়া একটী "ل" র উপর تَشْدِيْد দেওয়া যায় যথাঃ—اَلَّذِىْ اَللَّيْلُ

কখন কখন "اَلْ" র 'ا' লোপ প্রাপ্ত হয় যথা;

لِ + اَلْ + قَمَرٍ = لِلْقَمَرِ لِ + اَلْ + لَيْلٍ = لِلَّيْلِ

মিসর, শিরিয়া প্রভৃতি স্থানের লোক শামসী বর্ণকে দ্বিত্ব না পড়িয়া কামরী বর্ণের ন্যায় পড়িয়া থাকেন। যথাঃ—اَلشَّمْسُ (আল্ শাম্‌সো।)।

اَلْبَابُ الثَّانِيَةُ (দ্বিতীয় অধ্যায়।)

سَبَقُ الْاَوَّلُ (১ম পাঠ।)

لَفْظٌ—শব্দ।

মনুষ্য কর্ত্তৃক উচ্চারিত শব্দকে আরবী ভাষায় لَفْظٌ বলে। একাধিক বর্ণের সংযোগে শব্দের উৎপত্তি হইয়া থাকে। কখন ২ এক একটী স্বতন্ত্র বর্ণ বা শব্দ দ্বারা ও পদ গঠিত হইয়া থাকে, যথাঃ—

শব্দ	অর্থ	শব্দ	অর্থ	শব্দ	অর্থ
أَبٌ	পিতা	نَارٌ	অগ্নি	أَ	কি
أُمٌّ	মাতা	مَاءٌ	জল	وَاهًا	বেশ
اِبْنٌ	পুত্র	شَجَرٌ	বৃক্ষ	اِيْرٌ	
بِنْتٌ	কন্যা	بَحْرٌ	সমুদ্র	بِئْرٌ	কূপ
أَخٌ	ভ্রাতা	حَجَرٌ	প্রস্তর	نَهْرٌ	নদী

মানব জাতি শব্দ দ্বারা মনের ভাব প্রকাশ করিয়া থাকে। অর্থানুযায়ী لَفْظٌ দুই প্রকার مَوْضُوعٌ (অর্থ বোধক) ও مُهْمَلٌ (অর্থ বিহীন)।

বর্ণানুযায়ী ও لَفْظٌ দুই প্রকার مُفْرَدٌ ও مُرَكَّبٌ।

আরবী ভাষায় শব্দের অন্তঃ বর্ণ সচরাচর مَضْمُومٌ تَنْوِيْنٌ পঠিত হইয়া থাকে, কিন্তু বাঙ্গলা ও উর্দ্দূ ভাষায় উচ্চারণের সুবিধার্থে শেষ বর্ণ سَاكِنٌ পঠিত হইয়া থাকে, যথাঃ—لَفْظٌ ‑ قَمَرٌ ইত্যাদিকে لَفْظْ ‑ قَمَرْ পড়া যায়।

كَلِمَةٌ "পদ"।

এক বা ততোধিক শব্দ সংযুক্ত বা বিভক্তি প্রাপ্ত হইয়া অর্থ বোধক হইলে তাহাকে আরবী ভাষায় كَلِمَةٌ বলে। جُمْلَةٌ অর্থাৎ বাক্যের অন্তর্গত এক একটী অর্থ বোধক শব্দকেও এক একটী পদ বা كَلِمَةٌ বলে। যথাঃ—

غُلَامٌ - زَيْدٌ - دَارٌ - فِيْ যাইদের দাস ঘরের মধ্যে আছে, এস্থলে غُلَامُ زَيْدٍ فِي الدَّارِ ইহারা প্রত্যেকে এক একটী পদ।

সচরাচর لَفْظٌ ও كَلِمَةٌ র পার্থক্যের প্রতি বিশেষ লক্ষ্য রাখিতে পারা যায় না।

فَعَلَ পদের অন্তর্গত ف - ع - ل বর্ণকে আরবী বৈয়াকরণগণ فَاكَلِمَةٌ - عَيْنُ كَلِمَةٌ و لَامُ كَلِمَةٌ বলিয়া থাকেন, কিন্তু প্রকৃত পক্ষে তাহারা প্রত্যেকে এক একটী শব্দ বা বর্ণ মাত্র।

كَلِمَةٌ তিন প্রকার যথা اِسْمٌ - فِعْلٌ - حَرْفٌ ইহারা প্রত্যেকে স্ব স্ব স্থলে বিশদরূপে বর্ণিত হইয়াছে।

صِيغَه

لَفْظٌ ও كَلِمَةٌ কে সচরাচর আরবী ভাষায় صِيغَه বলা যায়। প্রকৃত পক্ষে বাক্যের অন্তর্গত বিভক্তিযুক্ত পদ নিচয়কেই আরবী বৈয়াকরণগণ صِيغَه নামে অভিহিত করিয়া থাকেন।

جُمْلَه "বাক্য"।

যখন দুই বা ততোধিক لَفْظٌ বা كَلِمَةٌ (কলমা) মিলিত হইয়া মনুষ্যের মনের সম্পূর্ণ ভাব প্রকাশ করে তখন তাহাকে جُمْلَه বলে। যথাঃ—

كَيْفَ حَالُكَ তুমি কেমন আছ। اَنَا اَعْرِفُهُ আমি তাহাকে চিনি।

اَنَا اَتَكَلَّمُ فِي لِسَانِ الْعَرَبِيِّ আমি আরবীতে কথা বলিতে পারি।

رَغِبْتُ بِشُرْبِ الْعَسَلِ আমি মধু পানে ইচ্ছা করিয়াছিলাম।

رَغِبْتُ بِشُرْبِ الْخَمْرِ আমি মদ খাইবার ইচ্ছা করিয়াছিলাম।

دَعَوْتُ لِزَيْدٍ আমি যাইদের জন্য আশীর্ব্বাদ করিয়াছিলাম।

বাঙ্গলা ভাষায় যেরূপ কর্ত্তা, কর্ম্ম ও ক্রিয়া ক্রমান্বয়ে ব্যবহৃত হয় আরবী ভাষায় তদ্রূপ না হইয়া ক্রিয়া, কর্ত্তা ও কর্ম্ম ইত্যাদি রূপে ব্যবহৃত হইয়া থাকে। যথা ضَرَبَ زَيْدٌ عَمْرًا যাইদ আমরকে মারিয়াছে।

বাঙ্গলা ভাষার ন্যায় আরবী ভাষাতেও কর্ত্তা ও কর্ম্ম ব্যতীত جُمْلَةٌ (বাক্য) হইতে পারে না। তবে আরবী ভাষায় কখন ২ কর্ত্তা এবং কখন ২ ক্রিয়া পদ উহ্য থাকে যথাঃ—

ضَرَبْتُ زَيْدًا (আমি) যাইদকে মারিয়াছি বা মারিয়া ছিলাম।

جَاءَ اِلَى بَيْتِهِ (সে) তাহার বাড়ীর দিকে গিয়াছিল বা গিয়াছে।

غُلَامُ زَيْدٍ যাইদের দাস (হয়)। كِتَابُ خَالِدٍ খালেদের পুস্তক (হয়)।

এস্থলে প্রথম ২টী উদাহরণে কর্ত্তা এবং দ্বিতীয় দুইটীতে ক্রিয়া উহ্য আছে।

اَلسَّبَقُ الثَّانِي (২য় পাঠ।)

اَلْعِلْمُ التَّصْرِيْفُ "পদ প্রকরণ।"

আরবী ব্যাকরণের যে অংশ পাঠ করিলে পদ সমূহের শ্রেণী বিভাগ, রূপান্তর ও পরিবর্ত্তন সম্বন্ধে ব্যুৎপত্তি জন্মে তাহাকে عِلْمُ التَّصْرِيْفِ বলে।

☞ আরবী বৈয়াকরণগণ ক্রিয়া পদের বিবরণ প্রথম প্রদান করিয়াছেন, তৎপর বিশেষ্য, বিশেষণ ইত্যাদি পদের বিবরণ প্রদান করিয়াছেন।

কিন্তু অত্র পুস্তকে ইংরেজী ও বাঙ্গলা ব্যাকরণের অনুকরণ পূর্ব্বক বিশেষ্য, ক্রিয়া ও অব্যয় পদ পর্য্যায়ক্রমে বর্ণিত হইয়াছে।

বর্ণের সংখ্যানুযায়ী পদ পাঁচ ভাগে বিভক্ত যথাঃ—

১। ثُنَائِى (ثَانٌ দুই) দুই বর্ণ বিশিষ্ট ; যথাঃ—صَفٌّ - حَقٌّ

২। ثُلَاثِيٌّ (ثَلٰثٌ তিন) তিন বর্ণ বিশিষ্ট ; যথা ;—عَقْلٌ - عِلْمٌ

৩। رُبَاعِيٌّ (رُبْعٌ চারি) চারি বর্ণ বিশিষ্ট ; যথা ;—عَاقِلٌ - عَالِمٌ

৪। خُمَاسِيٌّ (خَمْسٌ পাঁচ) পাঁচ বর্ণ বিশিষ্ট ; যথা ;—كَلِمَاتٌ - سُلْطَانٌ

৫। خُمَاسِىْ مَزِيْدْ فِيْهِ পাঁচ বর্ণ অপেক্ষা অধিক বর্ণ বিশিষ্ট।

আরবী বৈয়াকরণগণ অর্থানুযায়ী পদকে তিন ভাগে বিভক্ত করিয়া থাকেন ; যথা ;—(১) اِسْمٌ (বিশেষ্য), فِعْلٌ (ক্রিয়া) حَرْفٌ (অব্যয়)।

اَلسَّبَقُ اَلثَّالِثُ (৩য় পাঠ।)

اَلْاِسْمُ —“বিশেষ্য পদ।”

যে পদ দ্বারা কোন বস্তু, ব্যক্তি, স্থান, গুণ, বা কার্য্যের নাম বুঝা যায়, এবং যদ্দ্বারা তিন কালের মধ্যে কোন কাল বুঝা যায় না তাহাকে اِسْمٌ বলে যথাঃ—

শব্দ	অর্থ	শব্দ	অর্থ	শব্দ	অর্থ	শব্দ	অর্থ	শব্দ	অর্থ
رأس	মস্তক	عبد	ভৃত্য	لبن	দুগ্ধ	دار	গৃহ	بحر	সমুদ্র
شعر	চুল	ابن	পুত্র	لحن	মিষ্টশব্দ	باب	দ্বার	اسم	নাম
وجه	বদন	حب	ভালবাসা	عين	চক্ষু	نور	আলোক	حجر	প্রস্তর
غصن	ডাল	تاج	টুপী	شجر	বৃক্ষ	ثور	বলদ	جبل	পর্ব্বত
حمار	গাধা	كلب	কুকুর	انسان	মনুষ্য	جمل	উষ্ট্র	نهر	নদী
قرن	শতাব্দী	جيل	সময়	يوم	দিবস	ليل	রজনী	شهر	মাস

اِسْمْ তিন প্রকার যথাঃ—(ক) جَامِدْ ; (খ) مَصْدَرْ ; (গ) مُشْتَقْ

বিশেষ্য পদের পুরুষ, বচন, লিঙ্গ ও কারক আছে; স্ব স্ব স্থলে তাহারা বর্ণিত হইবে।

(ক) اِسْمِ جَامِدْ

যে বিশেষ্য পদ অন্য কোন বিশেষ্য পদ হইতে উৎপন্ন হয় না অথবা যাহা হইতে অন্য কোন বিশেষ্য পদ উৎপন্ন না হয় এবং যে বিশেষ্য পদ اِسْمِ مَصْدَرْ ও اِسْمِ مُشْتَقْ হইতে বিভিন্ন তাহাকে اِسْمِ جَامِدْ বলে। যথাঃ—لَيْلٌ - يَوْمٌ

زَيْدٌ - عَمْرٌ - اِسْمِ جَامِدْ আবার দুই প্রকার مَعْرِفَةٌ ও نَكِرَةٌ

اِسْمِ خَاصْ বা مَعْرِفَةٌ

যে اِسْمْ দ্বারা কোন নির্দ্দিষ্ট ব্যক্তি বা বস্তুর নাম বুঝা যায় তাহাকে اِسْمِ مَعْرِفَةٌ বলে। যথাঃ—زَيْدٌ - عَمْرٌ - نِيْلٌ - نُوْرٌ - مَكَّةٌ

مَعْرِفَةٌ পাঁচ প্রকার যথা (১) اِسْمِ عَامْ অর্থাৎ ব্যক্তি বিশেষের নাম যথাঃ—عَمْرٌ - زَيْدٌ (২) مُعَرَّفْ অর্থাৎ اَلْ সংযুক্ত শব্দ যথা, اَلرَّجُلُ - اَلْفَرَسُ (৩) ضَمَائِرْ যথা; هُوَ - هُمَا - هُمْ (৪) اَسْمَاءِ اِشَارَةٍ ; (৫) مَفْعُوْلَاتْ

اِسْمِ عَامْ বা نَكِرَةٌ

যে اِسْمْ দ্বারা কোন অনির্দ্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝা যায় তাহাকে اِسْمِ نَكِرَةٌ বলে, যথাঃ—

مَاءٌ জল। فَلَكٌ আকাশ। بَحْرٌ সমুদ্র।
فَرَسٌ অশ্ব। رَجُلٌ মনুষ্য। إِمْرَأَةٌ স্ত্রীলোক।

اِسْمِ نَكِرَةٌ র পূর্ব্বে একটী "اَلْ" বসাইলে اِسْمِ مَعْرِفَةٌ প্রস্তুত হয়, যথা الفَرَسُ.....ঐ অশ্ব। اَلْجَبَلُ ঐ পর্ব্বত। اَلرَّجُلُ ঐ মনুষ্য

লিঙ্গানুযায়ী اِسْمِ جَامِدْ দুই প্রকার:—مُذَكَّرٌ (পুংলিঙ্গ) ও مُؤَنَّثٌ (স্ত্রীলিঙ্গ)। ইহারা স্ব স্ব স্থানে বিশেষরূপে বর্ণিত হইবে।

(খ) اِسْمِ مَصْدَرْ "ধাতু"।

যে বিশেষ্য পদ হইতে اِسْمِ مُشْتَقْ ও اِسْمِ اَفْعَالْ অর্থাৎ ক্রিয়া পদ এবং অন্যান্য পদসমূহ বহির্গত হয় তাহাকে اِسْمِ مَصْدَرْ বলে। বাঙ্গলা ভাষায় اِسْمِ مَصْدَرْ কে ধাতুর সহিত তুলনা করা যাইতে পারে।

তিন বর্ণ বিশিষ্ট مَصْدَرْ

ধাতু	অর্থ।	ধাতু	অর্থ।
عِلْمٌ	জানা, জ্ঞান।	ضَرْبٌ	মারা।
خُرُوجٌ	বহির্গত হওয়া।	ذَهَابٌ	যাওয়া।
ضِحْكٌ	হাসা।	قَتْلٌ	মারা।
دُخُولٌ	প্রবেশ করা।	اَكْلٌ	খাওয়া।
فَتْحٌ	খোলা।	سَمْعٌ	শ্রবণ করা।
وَقْدٌ	উত্তাপ দেওয়া।	غَرَقٌ	ডুবিয়া যাওয়া।
غَطْسٌ	ডুব দেওয়া।	اَخْذٌ	লওয়া।
حَسَبٌ	বিবেচনা করা।	نَهْشٌ	দংশন করা (সর্পের)।

চতুর্বর্ণ বিশিষ্ট—مَصْدَرْ।

قَاتَلَ - دَحْرَجَ - اَكْرَمَ - صَرَّفَ - غُرُوبٌ - كِتَابَةٌ

পঞ্চ বর্ণ বিশিষ্ট—مَصْدَرْ।

اِجْتَنَبَ - اِنْفَطَرَ - تَقَبَّلَ - تَغْطِيَةٌ

ষষ্ঠ বর্ণ বিশিষ্ট—مَصْدَرْ।

اِسْتَنْصَرَ - اِحْرَنْجَمَ - اِخْشَوْشَنَ

(গ) اِسْمِ مُشْتَقْ।

اِسْمِ مُشْتَقْ مَصْدَرْ হইতে যে সকল বিশেষ্য পদ বহির্গত হয় তাহাদিগকে বলা যায়। ক্রিয়ার কার্য্যসাধন হেতু এইরূপ বিশেষ্য পদের প্রয়োজন হইয়া থাকে। اِسْمِ مُشْتَقْ ছয় প্রকার :—(১) اِسْمِ فَاعِلْ - (২) اِسْمِ مَفْعُوْلْ - (৩) اِسْمِ ظَرْفْ (৬) - اِسْمِ اٰلَّةْ (৫) - اِسْمِ تَفْضِيْلْ (৪) - اِسْمِ صِفَتْ

১। اَلْاِسْمُ الْفَاعِلُ "কর্ত্তা কারক।"

যে اِسْم দ্বারা ক্রিয়া সম্পন্ন হয়, বা যদ্দ্বারা ক্রিয়া আশ্রিত হয়, আরবীতে তাহাকে اِسْمِ فَاعِلْ বলে। প্রকৃত পক্ষে فِعْلْ হইতেই فَاعِلْ প্রস্তুত হইয়া থাকে। اِسْمِ فَاعِلْ প্রস্তুত করিতে হইলে ত্র্যাক্ষর বিশিষ্ট ধাতুর প্রথম বর্ণে আলিফ্‌যুক্ত فَتْحَ, দ্বিতীয় বর্ণে كَسْرَةْ ও তৃতীয় বর্ণে تَنْوِيْنْ ضَمَّةْ প্রয়োগ করিতে

হয়। তিন বর্ণ বিশিষ্ট ক্রিয়া হইতে فَاعِلٌ এর নিয়মমত অন্যান্য فَاعِلٌ প্রস্তুত হয় যথা :—

فِعْلٌ	فَاعِلٌ	অর্থ	فِعْلٌ	فَاعِلٌ	অর্থ
كَتَبَ	كَاتِبٌ	লিখক	قَتَلَ	قَاتِلٌ	হন্তা
نَصَرَ	نَاصِرٌ	অনুগ্রহকারী	قَالَ	قَايِلٌ	বক্তা
ضَرَبَ	ضَارِبٌ	যে ব্যক্তি মারে	خَلَقَ	خَالِقٌ	স্থষ্টি কর্ত্তা

তিন অপেক্ষা অধিক অক্ষর বিশিষ্ট ক্রিয়ার مُضَارِعْ مَعْرُوفْ এর চিহ্ন يا লোপ করতঃ তৎস্থলে مِيْمْ مَضْمُومْ আনয়ন এবং শেষ বর্ণকে تَنْوِيْنْ করিলে فَاعِلٌ প্রস্তুত হয়। যথা :—

فِعْلٌ	مضارع معروف	فَاعِلٌ	অর্থ।
صَرَّفَ	يُصَرِّفُ	مُصَرِّفٌ	দাতা।
اِجْتَنَبَ	يُجْتَنِبُ	مُجْتَنِبٌ	ধার্ম্মিক।
تَقَبَّلَ	يَتَقَبَّلُ	مُتَقَبِّلٌ	অগ্রগামী।

নিয়ম।

(১) আরবী ভাষায় فَاعِلٌ কখন مَضْمُومْ تَنْوِيْنْ এবং কখন ২ কেবল مَضْمُومْ হইয়া থাকে। (২) যখন فَاعِلٌ র পূর্ব্বে اَلْ শব্দপ্রযুক্ত থাকে

তখন কর্ত্তা পদের শেষ বর্ণ কেবল مَضْمُوم হইয়া থাকে। (৩) যখন কোন কর্ত্তা পদের পূর্ব্বে إِنَّ বা أَنَّ পদ থাকে তখন সে কর্ত্তা পদ مَفْتُوح হইয়া থাকে।

উদাহরণ।

ضَرَبَ زَيْدٌ যাইদ মারিয়াছিল বা মারিয়াছে।

ذَهَبَ خَالِدٌ খালেদ গিয়াছে বা গিয়াছিল।

قَتَلَ عُثْمَانُ ওসমান মারিয়াছে বা মারিয়াছিল।

فَعَلَ هَارُونُ হারুণ করিয়াছে বা করিয়াছিল।

نَصَرَ اللّٰهُ খোদা সাহায্য করিয়াছে বা করিয়াছিল।

إِنَّ اللّٰهَ غَفُورٌ الرَّحِيمُ নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল ও সদয়।

إِنَّ اللّٰهَ سَمِيعٌ عَلِيمٌ নিশ্চয়ই আল্লাহ্ শ্রবণকারী ও জ্ঞানী।

إِنَّ اللّٰهَ خَبِيرٌ بَصِيرٌ নিশ্চয়ই আল্লাহ্ জ্ঞানী ও দর্শক।

৪। কোন فَاعِلْ এর পূর্ব্বে مِنْ অব্যয় থাকিলে সেই فَاعِلْ এর অন্ত্য বর্ণ مَكْسُورْ تَنْوِين হইয়া থাকে, যথা ; مِنْ شَرِّ حَاسِدٍ "হিংসুকের হিংসা হইতে।"

اِسْمْ فَاعِلْ صرف

جنس		واحد	تثنيه	جَمْعْ
مذكر	—	فَاعِلٌ	فَاعِلَانِ	فَاعِلُونَ
مؤنث	—	فَاعِلَةٌ	فَاعِلَتَانِ	فَاعِلَاتٌ

২। اَلْاِسْمُ الْمَفْعُوْلُ "কর্ম্মকারক।"

কর্ত্তা যাহা করে অর্থাৎ ক্রিয়ার কার্য্য যাহার প্রতি সম্পাদিত হয়, তাহাকে আরবী ভাষায় مَفْعُوْل বলে। مَفْعُوْل পদ প্রস্তুত করিতে হইলে নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করিতে হয়।

(১) কোন ত্র্যক্ষরবিশিষ্ট পদের مَفْعُوْل প্রস্তুত করিতে হইলে সেই পদের পূর্ব্বে একটী অতিরিক্ত مِيْمْ مَفْتُوْح অর্থাৎ مَ বসাইয়া, পদের প্রথম বর্ণকে سَاكِنْ দ্বিতীয় বর্ণকে وَاوْ مَضْمُوْم এবং শেষ বর্ণকে مَضْمُوْم تَنْوِيْن করিতে হয়। যথা ;—

مَاضِي	مَفْعُوْل	অর্থ।	مَاضِي	مَفْعُوْل	অর্থ।
فَعَلَ	مَفْعُوْلٌ	কৃত ব্যক্তি।	كَتَبَ	مَكْتُوْبٌ	লিখিত বস্তু।
نَصَرَ	مَنْصُوْرٌ	সাহায্য প্রাপ্ত ব্যক্তি।	خَلَقَ	مَخْلُوْقٌ	সৃষ্ট বস্তু।
ضَرَبَ	مَضْرُوْبٌ	আঘাত প্রাপ্ত ব্যক্তি।	قَتَلَ	مَقْتُوْلٌ	হত ব্যক্তি।

(২) তিন অপেক্ষা অধিক বর্ণবিশিষ্ট ক্রিয়া হইতে مَفْعُوْل প্রস্তুত করিতে হইলে مُضَارِعْ مَجْهُوْل এর চিহ্ন يَامَضْمُوْم এর স্থলে مِيْم مَضْمُوْم আনয়ন করতঃ শেষ বর্ণকে مَضْمُوْم تَنْوِيْن করিতে হয়, যথা :—

مُضَارِعْ مَجْهُوْل	مَفْعُوْل	অর্থ।
يُجْتَنَبُ	مُجْتَنَبٌ	উপকৃত ব্যক্তি।
يُحَرَّفُ	مُحَرَّفٌ	পরিবর্ত্তিত ব্যক্তি।
يُصَرَّفُ	مُصَرَّفٌ	দানপ্রাপ্ত ব্যক্তি।
يُسْتَنْصَرُ	مُسْتَنْصَرٌ	সাহায্যপ্রার্থী ব্যক্তি।

اِسْمِ مَفْعُوْلْ صَرْف

جنس	واحد	جمع	تثنيه
مذكر —	مَفْعُولٌ	مَفْعُولَانِ	مَفْعُولُونَ
مونث —	مَفْعُولَةٌ	مَفْعُولَتَانِ	مَفْعُولَاتٌ

আরবী ব্যাকরণে مَفْعُولْ নানা প্রকারের হইয়া থাকে ; যথা :—

(ক) যাহার প্রতি ক্রিয়ার কার্য্য সম্পাদিত হয় তাহাকে مَفْعُولْ لَهٗ বলে ; যথা:—ضَرَبَ زَيْدٌ عَمْرًا "যাইদ্ আমারকে মারিয়াছে।" এস্থলে عَمْرًا পদ مَفْعُولْ لَهٗ। ইহার শেষবর্ণ প্রায় مَفْتُوحْ বা مَفْتُوحْ تَنْوِيْن হইয়া থাকে ; এবং একটী অনর্থক "।" ব্যবহৃত হইয়া থাকে।

(খ) যে সময়ে বা স্থানে ক্রিয়া সম্পাদিত হয়, সেই সময় বা স্থানকে مَفْعُولْ فِيْهِ বলে ; যথা :—ذَهَبَ الْيَوْمَ زَيْدٌ "অদ্য যাইদ্ গিয়াছে।" جَلَسْتُ فِي الدَّارِ "ঘরে বসিয়াছিলাম।"এ স্থলে يوم ও دار পদদ্বয় مَفْعُولْ فِيْهِ ইহারও শেষবর্ণ مَفْتُوحْ হইয়া থাকে কিন্তু فِيْ অব্যয় পূর্ব্বে থাকায় "دَارِ" এর ر বর্ণ مَكْسُورْ হইয়াছে।

(গ) যে অভিপ্রায়ে কোন কার্য্য করা যায় তাহাকে مَفْعُولْ لَهٗ বলে। ইহারও শেষ বর্ণের প্রতি প্রায় فَتْحْ تَنْوِيْن থাকে ; যথা :—ضَرَبْتُ زَيْدًا تَادِيْبًا যাইদকে আদাব দিবার জন্য মারিয়াছি। এখানে تَادِيْبًا পদ مَفْعُولْ لَهٗ

(ঘ) ক্রিয়া হইতে যে কর্ম্ম পদ প্রস্তুত হয় তাহাকে مَفْعُولْ مُطْلَقْ বলে।

ইহারও শেষ বর্ণ مَفْتُوحٌ تَنْوِين হয়।। যথা :— ضَرَبْتُ زَيْدًا ضَرْبًا " যাইদকে মার মারিয়াছি।" এস্থলে ضَرْبًا পদ مَفْعُولٌ مُطْلَقٌ।

(৬) আরবীতে একটী (و) ব্যবহৃত হয় তাহার অর্থ "সহিত" হইয়া থাকে। এরূপ (و) র পর যে বিশেষ্য পদ থাকে তাহাকে مَفْعُولٌ مَعَهُ বলা যায়। তাহার ও শেষবর্ণ مَفْتُوحٌ হইয়া থাকে যথা :— جَلَسْتُ وَ زَيْدًا "আমি যাইদের সহিত বসিয়াছিলাম।" বা "আমি ও যাইদ্ বসিয়াছিলাম।" وَ زَيْدًا কে একত্রে বঙ্গভাষায় ক্রিয়ার বিশেষণ বলা যাইতে পারে। "و" বাঙ্গলা "এবং" অব্যয়ের সহিত সাদৃশ্য রাখে।

৩। اَلْاِسْمُ الصِّفَتُ "বিশেষণ পদ।"

বিশেষণ পদকে আরবীতে صِفَتْ অথবা مُشَبَّهْ بِالْفِعْلِ বলে। مُشَبَّهْ بِالْفِعْلِ বলিবার কারণ এই যে فِعْلٌএর ন্যায় صِفَتْ রও অন্ত্যবর্ণ مَضْمُومٌ تَنْوِين হইয়া থাকে যথা :—

বিশেষণ পদ	অর্থ	বিশেষণ পদ	অর্থ	বিশেষণ পদ	অর্থ
حَسَنٌ	সুন্দর	غَنِيٌّ	ধনী	مَرِيْضٌ	পীড়িত
خَشِنٌ	কঠিন	فَقِيْرٌ	গরিব	خَفِيْفٌ	পাতলা বা হাল্কা
اَحْمَرُ	খুব লাল	قَرِيْبٌ	নিকট	ثَقِيْلٌ	ভারী
صُلْبٌ	শক্ত	لَطِيْفٌ	নরম	كَبِيْرٌ	বড়
عَطُوفٌ	সদয়				
جَوَادٌ	দাতা	نَظِيْفٌ	পরিষ্কার	صَغِيْرٌ	ছোট

কিন্তু বিশেষণ পদের শেষ বর্ণের পূর্ব্ব বর্ণ "ا" আলিফ হইলে তাহার শেষ বর্ণ مَضْمُوم না হইয়া مَكْسُور হইয়া থাকে ; যথা :—عَالٍ উচ্চঃ عَالٍ আক্রা عُرْيَانٍ উলঙ্গ ইত্যাদি।

আরবী বিশেষণ পদেরও লিঙ্গ ও বচন আছে।

বিশেষণ পদের বিভক্তি যুক্ত করিলে একটী "ا" আলিফ্ সংযুক্ত করিতে হয় এবং আলিফের পরবর্ত্তী বর্ণ سَاكِن এবং শেষ বর্ণ مَضْمُوم হয় যথা :—

خَيْرٌ হইতে	أَخْيَرُ	উত্তমতম।
حَسَنٌ "	أَحْسَنُ	সুন্দরতম।

বাঙ্গলা ভাষায় বিশেষণ পদ বিশেষ্য পদের পূর্ব্বে ব্যবহৃত হয়, কিন্তু আরবী ভাষায় বিশেষণ পদটী সাধারণতঃ বিশেষ্য পদের পরে ব্যবহৃত হইয়া থাকে, যথা ;—زَيْدٌ حَسَنٌ (যাইদ্ সুন্দর)।

إِسْمِ مَوْصُوف

صِفَتْ যে পদের গুণ প্রকাশ করে, আরবী ভাষায় সেই পদকে مَوْصُوف বলে। আরবী ব্যাকরণে صِفَتْ ও مَوْصُوف এর মধ্যে বচন, লিঙ্গ এবং বিভক্তি সম্বন্ধে সাদৃশ্য পরিলক্ষিত হইয়া থাকে।

উদাহরণ।

পদ	অর্থ	পদ	অর্থ
جَبَلٌ شَامِخٌ	উচ্চ পর্ব্বত	جَدِيْدٌ كِتَابٌ	নূতন পুস্তক
مَاءٌ بَارِدٌ	শীতল জল	لَحْنٌ لَطِيْفٌ	মিষ্ট ভাষা
كَوْكَبٌ دُرِّيٌّ	উজ্জ্বল নক্ষত্র	اَلْفَرَسُ الْفَارِهُ	দ্রুতগামী অশ্বটী
بِنْتٌ سَلِيْمَةٌ	শান্ত মেয়ে	اَلْكَلْبُ الشَّاطِنُ	দুষ্ট কুকুরটী
اِمْرَأَةٌ صَابِرَةٌ	সহিষ্ণু রমণী	اَلْكِتَابُ الْجَدِيْدُ	নূতন কেতাবটী
بَلَدٌ قَدِيْمٌ	পুরাতন নগর	اَلطِّفْلُ الشَّاطِنُ	দুষ্ট ছেলেটী
اَرْضٌ خَشِنٌ	শক্ত ভূমি	رَجُلٌ بَخِيْلٌ	কৃপণ লোক

ইহা প্রতীয়মান হইতেছে যে صفت ও موصوف এর শেষ বর্ণ একই প্রকার حركات প্রাপ্ত হইয়া থাকে যথা :—

ضَرَبَ زَيْدٌ شَاطِنٌ দুষ্ট যাইদ মারিয়াছে।

ضَرَبْتُ زَيْدًا شَاطِنًا আমি দুষ্ট যাইদকে মারিয়াছি।

مَرَرْتُ بِزَيْدٍ شَاطِنٍ আমি দুষ্ট যাইদের নিকট গিয়াছিলাম।

موصوف পদ نكره হইলে صفت পদও نكره হইয়া থাকে যথা :—

مَاءٌ بَارِدٌ ـ جَبَلٌ شَامِخٌ ـ رَجُلٌ فَاضِلٌ ـ لَحْنٌ لَطِيْفٌ

موصوف পদ معرفه হইলে صفت পদও معرفه হইয়া থাকে যথা :—

اَلرَّجُلُ الْفَاضِلُ ـ اَلْكَلْبُ الشَّاطِنُ ـ اَلرَّجُلُ الظَّالِمُ

কিন্তু موصوف স্বয়ং معرفه হইলে তাহার পূর্ব্বে ال বসে না, কেবল صفت এর পূর্ব্বে ال বসে যথা :— زَيْدُ نِ الظَّالِمُ - زَيْدُ نِ الْفَاضِلُ

আরবী جُمْلَة র প্রতি ال প্রযুক্ত হয় না, কারণ তাহা نكره গণ্য করা হয় যথা :— جَاءَ رَجُلٌ ضَرَبْتُهُ আমি যে ব্যক্তিকে মারিয়াছিলাম সে আসিয়াছে। এস্থলে رَجُلٌ ও ضَرَبْتُهُ ال দ্বারা মিলিত হয় নাই অর্থাৎ ক্রিয়াপদ ال দ্বারা বিশেষ্য পদের সহিত সংযুক্ত হয় না صفت ও موصوف উভয়ে একই লিঙ্গ ও একই বচন প্রাপ্ত হইয়া থাকে যথা :— اِمْرَأَتُونَ فَاطِلَتُونَ - اِمْرَأَتَانِ فَاطِلَتَانِ

- اِمْرَأَةٌ فَاطِلَةٌ - رِجَالٌ فَاطِلُونَ - رَجُلَانِ فَاضِلَانِ - رَجُلٌ فَاضِلٌ

কোন কোন স্থলে এই নিয়মের ব্যতিক্রম ঘটিয়া থাকে।

৪। اَلْاِسْمُ التَّفْضِيلُ

যে শব্দ দ্বারা কোন এক ব্যক্তিকে অপর ব্যক্তি অপেক্ষা, অথবা কোন এক বস্তুকে অপর কোন বস্তুর প্রতি فَضِيْلَتْ অর্থাৎ শ্রেষ্ঠতা প্রদান করা যায় তাহাকে اِسْمِ تَفْضِيْلْ বলে।

বঙ্গভাষায় কোন বস্তু বা ব্যক্তির শ্রেষ্ঠতা বুঝাইতে হইলে যেমন অপেক্ষা, হইতে, চেয়ে, তর ও তম প্রভৃতি শব্দ ব্যবহৃত হইয়া থাকে, আরবী ভাষায় সেইরূপ مِنْ ও اَفْضَلُ প্রভৃতি শব্দ ব্যবহৃত হয়। اِسْمِ تَفْضِيْلْ পুংলিঙ্গের একবচনে اَفْعَلُ এবং স্ত্রীলিঙ্গের একবচনে فُعْلَى র নিয়মে রূপান্তরিত হইয়া থাকে ; যথা :—

جنس	وَاحِدْ	تَثْنِيَهْ	جَمْعْ
مذكر	اَفْعَلُ	اَفْعَلَانِ	اَفَاعِلُ বা اَفْعَلُونَ
مؤنث	فُعْلَى	فُعْلَيَانِ	فُعَلٌ বা فُعْلَيَاتٌ

جمع	تثنية	واحد	جنس
أَعَاظِمُ বা أَعْظَمُونَ	أَعْظَمَانِ	أَعْظَمُ	مذكر
عُظَمٌ বা عُظْمَيَاتٌ	عُظْمَيَانِ	عُظْمٰى	مؤنث
أَفْضَلُونَ	أَفْضَلَانِ	أَفْضَلُ	مذكر
فُضَلٌ	فُضْلَيَانِ	فُضْلٰى	مؤنث

যে পদের প্রতি শ্রেষ্ঠতা অর্পণ করা যায় তাহাকে مُفَضَّلُ বলে। যখন কোন এক ব্যক্তিকে অপর কোন এক ব্যক্তির উপর শ্রেষ্ঠতা প্রদান করা যায় তখন কেবল مِنْ ও أَفْضَلُ দ্বারা তাহা ব্যক্ত করা যায়, مُفَضَّلُ مذكر হউক বা مؤنث হউক ; যথা زَيْدٌ أَفْضَلُ مِنْ حَمِيْدٍ যাইদ হামিদ অপেক্ষা ভাল।

আর যখন তিন বা ততোধিক বস্তু বা ব্যক্তির মধ্যে তুলনা করিয়া 'কে ভাল' বা 'কে মন্দ' এরূপ নির্দ্ধারণ করিতে হয় তখন উক্ত مِنْ চিহ্ন "اَلْ" অথবা أَفْضَلُ এর সহিত মিলিত হইয়া লোপ প্রাপ্ত হয় যথা :—

زَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ　যাইদ জাতির মধ্যে শ্রেষ্ঠ।

زَيْدُنِ الْأَفْضَلُ النَّاسِ　যাইদ সকল অপেক্ষা শ্রেষ্ঠ।

বাঙ্গলা ব্যাকরণে দুই ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করিলে যেরূপ 'তর' এবং তিন বা ততোধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করিতে "তম" ব্যবহৃত হয়, আরবী ব্যাকরণে তদ্রূপ দুইয়ের জন্য "مِنْ" ও বহুর জন্য 'اَلْ' ব্যবহৃত হইয়া থাকে।

উদাহরণ।

তম	তর	পদ	তম	তর	পদ
الأجود	أجود	جيد	الأردأ	أردأ	ردي
উত্তমতম	উত্তমতর	উত্তম	মন্দতম	মন্দতর	মন্দ
الأصغر	أصغر	صغير	الأبعد	أبعد	بعيد
ক্ষুদ্রতম	ক্ষুদ্রতর	ক্ষুদ্র	দূরতম	দূরতর	দূর

নিম্নলিখিত বিশেষণগুলি রূপান্তরিত হয় না।

بلا حدّ	অসীম	مُستدير	গোলাকার
أوليّ বা أوّل	প্রথম	مربع	চতুষ্কোণ
مَلآن	পরিপূর্ণ	مستقيم	সহজ পথ
كامل	সম্পূর্ণ	عموميّ	সাধারণ, বা আমার চাচা।

৫। الاسم الآلة "করণ কারক।"

اسماء غير منصرف চিনিবার নয়টী উপায় আছে। কোন এক اسم এ উক্ত নয়টী কারণের মধ্যে যে কোন দুইটী বা দুইটীর

স্থলাভিষিক্ত একটী কারণ বর্ত্তমান থাকিলেই সে اسم কে غير منصرف গণ্য করা যায়। غير منصرف কে مَوَانِعُ الصَّرْفِ ও বলা যায়।

নিম্নলিখিত পদ্যটী কণ্ঠস্থ থাকিলে غير منصرف এর কারণ নয়টী সহজে স্মরণ রাখা যাইতে পারে:—

مَوَانِعُ الصَّرْفِ تِسْعٌ فَكُلَّمَا اجْتَمَعَتْ
ثِنْتَانِ مِنْهَا فَمَا الصَّرْفُ تَصْوِيْبُ
عَدْلٌ وَ وَصْفٌ وَتَانِيْثٌ مَعْرِفَةٌ
وَعُجْمَةٌ ثُمَّ جَمْعٌ ثُمَّ تَرْكِيْبُ
وَالنُّوْنُ زَائِدَةٌ مِنْ قَبْلِهَا اَلِفٌ
وَ وَزْنُ الْفِعْلِ وهٰذَا الْقَوْلُ تَقْرِيْبُ

مَوَانِعُ الصَّرْفِ নয়টীর নাম, যথা:— عَدْلٌ - وَصْفٌ - تَانِيْثٌ -
مَعْرِفَةٌ - عُجْمَةٌ - جَمْعٌ - تَرْكِيْبٌ - وَزْنُ الْفِعْلِ - الف نون زائدتان

عَدْلٌ

যে اسم মূল صيغة হইতে বহির্গত হইয়াছে এবং ব্যাকরণের কোন নিয়ম অনুসারে বহির্গত হয় নাই বা হয় না, তাহাকে عدل বলে। এরূপ اسم কখন কখন সংখ্যাবাচক পদ হইতে বহির্গত হয়; যথা; ثُلَثُ - مُثَلَّثُ ইহাদের প্রত্যেকের অর্থ তিন তিন।

ইহারা ثَلٰثَةٌ - ثَلٰثَةٌ ছিল এবং অর্থ কেবল তিন ছিল, কারণ অর্থ শব্দের প্রতি নির্ভর করে। এরূপ عدل কে عدل تحقيقى বলে। পুনশ্চ ثُلٰثُ و مُثَلَّثُ পদ صفت এর মধ্যে পরিগণিত হয়। আর এরূপ اسم কখন কখন নাম (عَلَمٌ) হইতে বহির্গত হয়। زُفَرُ و عُمَرُ এই দুইটী নামকে আরবগণ غير منصرف রূপে ব্যবহার করেন। عَلَمٌ ব্যতীত ইহার عدل (অবস্থান্তর) হইবার আর কোন কারণ নাই। এইহেতু অনুমিত হয় যে, ইহারা প্রকৃতপক্ষে زَافِرٌ و عَامِرٌ ছিল। ইহারা عدل تقديري নামে কথিত হয়।

صِفَتٌ

যে اسم গুণবাচক পদরূপে ব্যবহৃত হয় অর্থাৎ যে اسم অন্য কোন اسم এর গুণ প্রকাশ করে, তাহাকে صفت বলে; যথা; احمر (লাল), اَسْوَدُ (কাল), اَخْضَرُ (সবুজ), اَبْيَضُ (সাদা), صَالِحٌ (ধার্ম্মিক), غَنِىٌّ (ধনী), قَوِىٌّ (বলবান)। ইহাতে দ্বিতীয় কারণ وزن فعل বর্ত্তমান আছে।

تَانِيْثٌ

নিম্নলিখিত পদগুলি تانيث পরিগণিত হয়ঃ—

(১) যে নামের অন্তে বর্ণগত ت - تانيث থাকে; যথাঃ— طَلْحَةُ (স্ত্রীলিঙ্গবাচক) مَكَّةُ (নগরের নাম) اِمْرَاَةٌ (স্ত্রীলোক)।

(২) যে পদ تانيث معنوى (অর্থগত স্ত্রীলিঙ্গ) বা তিন অপেক্ষা অধিক বর্ণ বিশিষ্ট অথবা متحرك الاوسط (মধ্যবর্ণ حركت যুক্ত) হয়; যথাঃ— زَيْنَبُ (স্ত্রীলোকের নাম) سَقَرُ (নরকের নাম)।

(৩) যে স্ত্রীলিঙ্গ পদ الف مقصورة র সহিত ব্যবহৃত হয়; যথাঃ— حُبْلٰى (গর্ভবতী স্ত্রীলোক)।

(৪) যে স্ত্রীলিঙ্গ পদে الف ممدودة থাকে; যথাঃ— صَحْرَاءُ (বন) حَمْرَاءُ (লাল স্ত্রীলোক) এস্থলে الف এর সহিত تانيث আছে বলিয়া দুইটা কারণ বর্ত্তিয়াছে।

مَعْرِفَةٌ

যে اسم দ্বারা কেবল নাম মাত্র বুঝা যায়; যথাঃ— زَيْنَبُ এস্থলে প্রথম কারণ علم (নাম), আর দ্বিতীয় কারণ تانيث বর্ত্তমান আছে।

عُجْمَةٌ

যে اسم আরবী ভাষা ব্যতীত অন্য কোন ভাষায় নাম বুঝায় এবং সেই নাম যদি তিন অপেক্ষা অধিক অক্ষর বিশিষ্ট হয়, তবে তাহাকে عجمه বলে; যথাঃ— اِبْرَاهِيْم আর তিন বর্ণ বিশিষ্ট হইলে তাহার মধ্যবর্ণ متحرك হওয়া প্রয়োজন; যথাঃ— شَتَرُ (দুর্গের নাম)।

যদি কোন তিন বর্ণ বিশিষ্ট আরবী পদের মধ্যবর্ণ ساكن হয়, তবে তাহাকে منصرف ও غير منصرف পড়া ইচ্ছাধীন; যথাঃ— هِنْدٌ ও هِنْدُ (স্ত্রীলোকের নাম)। আর যদি এরূপ পদ ...

তবে নিশ্চয় غير منصرف হইবে ; যথাঃ— ماه ও جور (আজম দেশস্থ দুইটী গ্রামের নাম)। عجمة পদটী সম্ভবতঃ عجم হইতে বহির্গত হইয়াছে ; কারণ আরববাসিগণ আরব ব্যতীত অন্যান্য সমস্ত দেশকে عجم বলিয়া থাকে।

جمع

যে সকল পদ مُنْتَهى الْجُمُوعْ অর্থাৎ যাহাদের جمع (বহুবচন) আর বৃদ্ধি করিতে পারা যায় না, তাহাদিগকে جَمْع বলে ; যথাঃ— رِجَالٌ - اُسُدٌ - قُفُلٌ - فُلُكٌ - مَصَابِيحُ - مَسَاجِدُ

تَرْكِيبٌ

যে পদ ব্যাকরণের কোন নিয়ম ব্যতীত দুইটী শব্দের সংযোগে গঠিত হইয়া এক অর্থ প্রদান করে, তাহাকে تركيب বলে ; যথাঃ— حَضَرَمَوْتُ - بَعَلَبَكُّ (স্থান বিশেষের নাম) প্রকৃতপক্ষে بَعَلْ و بَكٌّ হইতে بَعَلَبَكٌّ এবং حَضَرْ و مَوْت হইতে حَضَرَمَوْتُ হইয়াছে। দ্বিতীয় কারণ عَلَمِيَّتْ (নাম) বর্ত্তমান আছে।

الف نون

(১) الف نون যখন কোন নামের অন্তে থাকে ; যথাঃ— عِمْرَانُ - عُثْمَانُ

(২) الف نون যদি কোন فَعْلَانُ ওজনের صفت এর অন্তে আসে এবং তাহার স্ত্রীলিঙ্গে ة বর্ণ না হয়, যথা:— سَكْرَانُ (মাতাল)।

(৩) الف نون যদি এমন কোন পদের অন্তে থাকে, যাহার مؤنث হয় না; যথা:— رحمان তখন সেই পদসমূহ غير منصرف হয়।

وَزْنُ الْفِعْلِ

(১) যে সকল পদ فعل এর ওজনে হয়; যথা:— دُئِلُ সম্প্রদায়ের নাম; شَمَّرُ ঘোড়ার নাম।

(২) যে সকল পদের পূর্ব্বে مضارع এর চিহ্ন। - ت - ن - ى র মধ্যে কোন বর্ণ থাকে; যথা:— اَحْمَدُ (নাম) تَغْلِبُ (সম্প্রদায়ের নাম) তাহাদিগকে وَزْنُ الْفِعْلِ বলে। দ্বিতীয় কারণ عَلَمِيَّتْ বর্ত্তমান আছে।

تَنْبِيْهُ (ব্যাখ্যা)।

غير منصرف এর নয়টী কারণের মধ্যে পাঁচটী কারণ اسم نكره র মধ্যে প্রাপ্ত হওয়া যায়; যথা:—(১) وَزْنُ الْفِعْلِ (২) عدل تَحْقِيْقِيْ (৩) بِالْاَلِفِ تَانِيْثْ (৪) مُنْتَهِى الْجُمُوْعُ (৫) فَعْلَانُ صِفَاتِيْ যাহার مونث - فَعْلَانَةٌ হয় না। আর غير منصرف এর ছয়টী কারণ

معرفه র মধ্যে পাওয়া যায় ; যথা ঃ—(১) عدل تقديرى (২) فَعلَانُ (৬) وزن الفعل (৫) تركيب (৪) عجمه (৩) تانيث بالتّا যখন علم হয়।

এই ছয়টীর মধ্যে যখন কোনটীকে نكره করা যায়, তখন সেটা منصرف হয় ; যথা ঃ— جَاءَنِيْ طَلْحَةٌ

যখন কোন غير منصرف اسم এর প্রতি ال প্রযুক্ত হয়, অথবা অন্য কোন اسم এর দিকে مضاف হয়, তখন তাহার শেষ বর্ণের প্রতি كسره প্রয়োগ করা যায় ; যথা ঃ— اِلٰى مَسَاجِدِكُمْ ও ذَهَبْتُ اِلَى الْمَسَاجِدِ মসজিদ সমূহের দিকে গিয়াছিলাম।

প্রশ্নাবলী।

১। معرب - مبني - منصرف ও غير منصرف কাহাকে বলে ?

২। اسم غير منصرف এর চিহ্ন কয়টীর নাম কর।

৩। رفع ও ضمه র মধ্যে কোন প্রভেদ আছে কি না ?

৪। اَحْمَرُ ও اَحْمَدُ র غير منصرف এর মধ্যে কি কি চিহ্ন আছে ?

৫। নিম্নলিখিত বাক্য নিয়মের অন্তর্গত পদসমূহের পরিচয় প্রদান কর ঃ— اِنَّ نَصْرُ اللهِ قَرِيْبٌ - هُوَ ذَهَبَ اِلٰى بَيْتِهٖ

- لِكُلِّ فِرْعَوْنٍ مُوْسٰى - مَرَرْتُ بِعُثْمَانَ - جَاءَ هٰؤُلَاءِ - ضَرَبَ زَيْدٌ عَمْرًا

اَلسَّبَقُ الْخَامِسُ

اَنْوَاعُ الْجُمْلَةِ

جملہ ছয় প্রকার যথা :— جملہ اسمیہ - جملہ فعلیہ - جملہ ظرفیہ - جملہ انشائیہ - جملہ خبریہ - جملہ شرطیہ

১। اَلْجُمْلَةُ الْاِسْمِيَّةُ

দুই বা ততোধিক کلمہ মিলিয়া একটী جملہ হয়। যখন দুইটী کلمہ দ্বারা একটী جملہ গঠিত হয়, তখন দুই کلمہ - اسم হইতে পারে, অথবা একটী اسم ও অপরটী فعل হইতে পারে।

যে جملہ র দুইটী পদই اسم হয়, তাহাকে جملہ اسمیہ বলে; যথা :— زَيْدٌ رَاكِبٌ — যাইদ অশ্বারোহী। خَالِدٌ عَالِمٌ — খালেদ বিদ্বান। এস্থলে সমস্ত পদগুলিই اسم। প্রথম পদদ্বয় زَيْدٌ ও خَالِدٌ কে مبتدا আর দ্বিতীয় পদ رَاكِبٌ ও عَالِمٌ কে خبر বলে। مبتدا ও خبر - جملہ র দুইটী প্রধান অংশ। ইহা ব্যতীত অন্যান্য جملہ র অন্তর্গত অন্যান্য পদসমূহকে متعلقات جملہ বলে।

অতএব যে পদ عامل পদ হইতে মুক্ত এবং যাহা مسند الیہ তাহাকে مبتدا বলে। আর যে পদ عامل পদ হইতে মুক্ত এবং যাহা مسند তাহাকে خبر বলে। مسند الیہ ও مسند উভয় পদের শেষ বর্ণ مرفوع হয় এবং عامل لفظي থাকে বলিয়া ইহাদের عامل কে عامل معنوي বলে। যথা :—

عَاقِلٌ خَالِدٌ এর ل এর عاقل مسند এবং د এর خالد - مسند اليه
مرفوع হইয়াছে, কিন্তু কোন عامل এস্থলে বর্ত্তমান নাই।

مبتدا ও خبر এর বিশেষ বিবরণ।

* مضارع بتاويل مصدر বা নকরহ مخصوصه অথবা معرفه مبتدا সর্ব্বদা হইয়া থাকে, কিন্তু نكره কখন مبتدا হইতে পারে না। خبر সর্ব্বদাই نكره হইয়া থাকে। কখন কখন معرفه পদ خبر হইয়া থাকে।

১। নিম্নোক্ত উদাহরণে معرفه পদ مبتدا হইয়াছে ঃ—

زَيْدٌ كَاتِبٌ - اَلدِّيْنُ الْاِسْلَامُ এস্থলে زَيْدٌ ও اَلدِّيْنُ পদ معرفه ও مبتدا হইয়াছে।

২। নিম্নোক্ত উদাহরণে نكره مخصوصه পদ مبتدا হইয়াছে ঃ—

(১) لَعَبْدٌ مُؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُشْرِكٍ — নিশ্চয় মোমেন গোলাম কাফের অপেক্ষা ভাল। এস্থলে نكره পদ عبد তাহার বিশেষণ مؤمن দ্বারা مخصوصه অর্থাৎ বিশেষত্ব প্রাপ্ত হইয়া مبتدا হইয়াছে।

(২) أَرَجُلٌ فِى الدَّارِ اَمْ اِمْرَأَةٌ — ঐ ঘরের মধ্যে পুরুষ আছে কি স্ত্রীলোক? এস্থলে نكره পদ أ ও ام দ্বারা বিশেষত্ব পাইয়াছে।

(৩) سَلَامٌ عَلَيْكَ তোমার প্রতি আমার সালাম, এই পদ প্রকৃতপক্ষে سَلَامِيْ عَلَيْكَ ছিল, কিন্তু سلامي র ى متكلم এর

---

* যে مضارع পদ مصدر রূপে ব্যবহৃত হয়, তাহাকে مضارع بتاويل مصدر বলে।

দিকে مضاف হইয়াছে বলিয়া ي লোপ প্রাপ্ত হইয়া سلام শব্দকে বিশেষত্ব প্রদান করিয়াছে।

(৪) مَا اَحَدٌ خَيْرٌ مِنْكَ (কেহই তোমা অপেক্ষা উত্তম নহে) এস্থলে ما দ্বারা احد বিশেষত্ব প্রাপ্ত হইয়াছে।

৩। নিম্নলিখিত উদাহরণে مضارع بتاويل مصدر পদ مبتدا হইয়াছে ; যথা :— اَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ (রোজা রাখা তোমার পক্ষে উত্তম) এস্থলে تصوموا পদ مضارع কিন্তু ان আসিয়াছে বলিয়া تصوموا পদ مصدر এর স্থানীয় হইয়া مبتدا হইয়াছে।

৪। خبر সর্ব্বদা مفرد হয়, তবে কখন ২ একটী جملة পদ خبر রূপ ব্যবহৃত হয়। এরূপ স্থলে একটী ضمير بارز বা مستتر পদ مبتدا কে নির্দ্দেশ করে। যেমন زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ (যাইদের পিতা দাঁড়াইয়া আছে) এখানে زيد পদ مبتدا এবং قائم পদ ابوه র সহিত মিলিত হইয়া خبر হইয়াছে। ابوه পদের ه (ضمير بارز) زيد পদকে নির্দ্দেশ করিতেছে।

زَيْدٌ يَضْرِبُ (যাইদ মারিতেছে) এস্থলে خبر পদ يضرب এর পূর্ব্বে একটি ضمير مستتر هوا উহ্য আছে এবং উক্ত هوا زيد কে নির্দ্দেশ করিতেছে।

৫। নিম্নোক্ত কারণে مبتدا পদ خبر এর পূর্ব্বে ব্যবহৃত হয়।

(১) مبتدا সম্বোধন সূচক বিশেষ্য পদ হইলে, যথা :— مَنْ اَبُوْكَ (কে তোমার পিতা হয়) مَنْ اَنْتَ তুমি কে ?

(২) مبتدا এবং خبر উভয় পদই معرفة হইলে, যথা:— زَيْدٌ اَخُوْكَ (যাইদ তোমার ভ্রাতা হয়)।

(৩) مبتدا এবং خبر উভয় পদ একই অর্থ প্রকাশ করিলে ; যথা :— اَفْضَلُ مِنِّى اَفْضَلُ مِنْكَ (যে আমার অপেক্ষা ভাল সে তোমার অপেক্ষাও ভাল)।

(৪) مبتدا র خبر - فعل হইলে, যথা :— زَيْدٌ قَائِمٌ (যাইদ দাঁড়াইয়াছে)।

৬। নিম্নোক্ত কারণে خبر পদ مبتدا র পূর্ব্বে ব্যবহৃত হয় :—

(১) خبر সম্বোধন বা জিজ্ঞাসা সূচক ক্রিয়াপদ হইলে, যথা :— اَيْنَ زَيْدٌ (যাইদ কোথায় ?) لِمَ جَاءَنِيْ زَيْدٌ (যাইদ আমার নিকট কেন আসিয়াছে ?) لِمَ دَخَلْتَ فِى الدَّارِ (কেন ঘরের মধ্যে গিয়াছিলে ?) اَيْنَ اَنْتَ (তুমি কোথায় আছ ?) كَيْفَ اَنْتُمْ (তোমরা কেমন আছ ?)

(২) خبر পদ ظرف এবং مبتدا পদ نكرة হইলে, যথা :— فِى الدَّارِ رَجُلٌ (লোক ঘরে আছে), فِى السَّمَاءِ مَلَكٌ আকাশে ফেরেস্তা আছে।

(৩) خبر এর متعلق এবং ضمير পদ مبتدا হইলে, যথা :— عَلَى التَّمْرَةِ مِثْلُهَا زُبْدًا ফলে অত্যন্ত মাখন থাকে।

৭। একটী مبتدا র একাধিক خبر হইতে পারে ; যথা :— زَيْدٌ عَالِمٌ عَاقِلٌ এস্থলে عَالِمٌ ও عَاقِلٌ পদদ্বয় زيد এর خبر হইয়াছে। সেইরূপ اَللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ - اَللّٰهُ لَطِيْفٌ خَبِيْرٌ - اَللّٰهُ رَحِيْمٌ حَكِيْمٌ

৮। مبتدا যখন شرط অর্থ প্রকাশ করে, তখন خبر এর প্রতি একটী ف প্রযুক্ত হয়, যথাঃ— مَنْ عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ (যে সৎকার্য্য করে, সে নিশ্চয় নিজের জন্য করে مَنْ قَالَ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ فَدَخَلَ الْجَنَّةَ যে ব্যক্তি একবার লাএলাহা বলিয়াছে, সে জান্নাতি হইবে)

৯। যখন ضمير পদ ظرف হয়, অথবা جار مجرور হয়, তখন তাহার পূর্ব্বে একটী فعل বা مشبه بفعل আনীত হয়, যথাঃ— عِنْدِىْ مَالٌ اَىْ مَوْجُوْدٌ (আমার সহিত মাল আছে অর্থাৎ প্রস্তুত আছে)। زَيْدٌ فِى الدَّارِ اَىْ اِسْتَقَرَّ فِيْهَا (যাইদ ঘরের মধ্যে আছে কি) প্রকৃত ছিল زَيْدٌ اِسْتَقَرَّ فِى الدَّارِ

১০। প্রতিজ্ঞা সূচক পদের পূর্ব্বে مبتدا উহ্য থাকিতে পারে; যথাঃ— اَلْحَلَالُ وَاللّٰهِ (আল্লার কসম ইহা হেলাল)। এস্থলে هذا পদ (مبتدا) উহ্য আছে। এইরূপে কখন কখন خبر ও উহ্য থাকে, যথাঃ— خَرَجْتُ فَاِذَا السَّبُعُ এস্থলে واقف, ক্রিয়া উহ্য আছে, যেমন خرجت فاذا السبع واقف (বাহির হইবামাত্র দেখিলাম, যেন একটী ব্যাঘ্র দাঁড়াইয়া আছে)।

প্রশ্নাবলী।

১। নিম্নোল্লিখিত পদগুলির مبتدا ও خبر নির্ণয় কর ঃ—

(ক) اَللّٰهُ غَنِىٌّ (খ) شَمْسٌ طَالِعَةٌ (গ) ثَوْبٌ جَدِيْدٌ

(ঘ) خَالِدٌ عَالِمٌ فَاضِلٌ (চ) زَيْدٌ قَامَ اَبُوْهُ (ঙ) اَيْنَ بَيْتُ مَحْمُوْدٍ

২। নিম্নোল্লিখিত পদগুলির خبر সংশোধন কর ঃ—

(ক) نَحْنُ عَالِمِيْنَ - هُوَالْمُومِنُوْنَ - هُمْ ظَالِمٌ - طَلْحَةُ قَائِمَةٌ - زَيْنَبُ صَالِحٌ

৩। নিম্নলিখিত বাঙ্গালা পদসমূহের مبتدا ও خبر নির্দ্দেশ পূর্ব্বক আরবী অনুবাদ কর ঃ—

(ক) মিষ্ট ভাষা (খ) নূতন পুস্তক (গ) দুষ্ট বালক (ঘ) যাইদ মরিয়াছে (ঙ) খালেদ দাঁড়াইয়া আছে।

২। اَلْجُمْلَةُ الْفِعْلِيَّةُ

যে جملہ (বাক্য) فعل ও فاعل এর সংযোগে প্রস্তুত হয়, সেই جملہ কে جملۂ فعليہ বলে ; এবং فعل কে مسند ও فاعل কে مسند اليہ বলে। প্রকৃতপক্ষে এই দুই পদ দ্বারাই جملہ সংগঠিত হয় ; যথা ঃ—ذَهَبَ اَحْمَدُ আহামদ গিয়াছে। اَكَلَ رَشِيْدٌ রশিদ খাইয়াছে। এস্থানে احمد ও رشيد - فاعل আর ذَهَبَ ও اَكَلَ পদ-দ্বয় فعل - جملہর অন্তর্গত অন্যান্য পদনিচয়কে مُتَعَلِّقَاتِ جُمْلَہ বলে। যে اسم এর পূর্ব্বে فعل পদ اسناد রূপে ব্যবহৃত হয় এবং فعل এর সহিত যে اسم এর ঘনিষ্ঠ সম্বন্ধ থাকে, সেই اسم কে فاعل বলে। فعل এর স্থানে কখন কখন مشبہ بفعل - اسم فاعل - اسم مصدر - اسم تفضيل - صفت مشبہ পদ ব্যবহৃত হয়।

فاعل সর্ব্বদা مرفوع হইয়া থাকে।

فعل বা مشبہ بفعل তাহার فاعل এর প্রতি رفع প্রয়োগ করে ;

আর مَنْصُوب আর زَيْدٌ ও خَالِدٌ পদদ্বয় فاعل এবং مرفوع হইয়াছে।

نَامَ ও قَامَ পদদ্বয়কে مسند এবং زيد ও خالد পদদ্বয়কে مسند اليه বলে।

زَيْدٌ قَائِمٌ اَبُوهُ যাইদের পিতা দাঁড়াইয়া আছে। এস্থলে اَبُوهُ পদ فاعل আর قائم পদ مشبه بفعل।

فاعل পদ সচরাচর فعل এর পরে থাকে, কারণ فاعل পদ فعل বা مشبه بفعل এর একটি অংশমাত্র। সাধারণতঃ فعل এর লিঙ্গ ও বচন فاعل এর লিঙ্গ ও বচনের সহিত সামঞ্জস্য রাখে, কিন্তু কোন বিশেষ কারণে সাধারণ নিয়মের পরিবর্ত্তন ঘটিতে পারে।

১। যখন فاعل পদ اسم ظاهر হয়, তখন فعل সর্ব্বদা واحد হয়, কিন্তু فاعل পদ واحد - تثنيه বা جمع হইতে পারে ; যথা :—
قَامَ الرَّجُلُ - قَامَ الرَّجُلَانِ - قَامَ الرِّجَالُ ; فعل পদ مذكر ও مؤنث সম্বন্ধে فاعلর সহিত সামঞ্জস্য রাখে ; যথা :— قَامَتْ هِنْدٌ - قَامَتْ هِنْدَانِ - قَامَتْ هِنْدَاتٌ

২। فاعل পদ اسم ضمير (সর্ব্বনাম) হইলে فعل পদের واحد - تثنيه - جمع - مذكر - مؤنث ইত্যাদি فاعل এর অনুরূপ হয় এবং اسم ضمير পদ فعل এর পরে উহ্য থাকে, যথা :— اَلرَّجُلُ قَامَ - الرَّجُلَانِ قَامَا - الرِّجَالُ قَامُوا এস্থলে الرجل পদ مبتدا এবং قَامَ - فعل আর ضَمِيرٌ هُوَ - فعل এর পরে উহ্য থাকিয়া قَامَ র فاعل হইয়াছে। সেইরূপ هُمَا ও هُمْ উহ্য আছে।

৩। فاعل পদ مؤنث حقيقي হইলে فعل সর্ব্বদা مؤنث হয়; যথাঃ—قَالَتْ اِمْرَاةُ عِمْرَانَ (ইহা ইমরাণের স্ত্রী বলিয়াছে) কিন্তু فاعل ও فعل এর মধ্যে ব্যবধান থাকিলে فعل - مذكر বা مؤنث উভয় প্রকারে লিখিত হয়; যথাঃ—فَمَنْ جَاءَهُ مَوْعِظَةٌ مِنْ رَبِّهِ অতএব যখন রবের পক্ষ হইতে তাহার নিকট উপদেশ পোঁছে; অথবা اِذَا اَصَابَتْهُمْ مُصِيبَةٌ যখন তাহার প্রতি বিপদ পড়ে। এখানে ه ও هم দ্বারা فاعل ও فعل এর মধ্যে ব্যবধান পড়িয়াছে।

৪। فاعل পদ مؤنث غير حقيقي হইলে, فعل নিম্নোক্ত প্রকারে ব্যবহৃত হয়।

(ক) فعل যদি فاعل এর পূর্ব্বে থাকে, তবে فعل কে ইচ্ছানুযায়ী مذكر বা مؤنث করিতে পারা যায়; যথাঃ—طَلَعَتِ الشَّمْسُ বা طَلَعَ الشَّمْسُ সূর্য্য উঠিল। আমরা কোরাণে পড়িয়া থাকি جُمِعَ الشَّمْسُ وَ الْقَمَرُ

(খ) فعل যদি فاعل এর পরে থাকে, তবে فعل নিশ্চয় مؤنث হইবে; যথাঃ—اَلشَّمْسُ طَلَعَتْ

৫। فاعل পদ جمع مكسر হইলে, مؤنث غير حقيقي র ন্যায় فعل পদ مذكر বা مؤنث হইতে পারে। جمع مكسر সজীব বা নির্জীব হইতে পারে; যথাঃ—ذَهَبَتِ الْاَيَّامُ - قَامَ الرِّجَالُ - قَامَتِ الرِّجَالُ বা ذَهَبَ الْاَيَّامُ উভয় প্রকারই হয়।

সাধারণতঃ فاعل পদ مفعول এর পূর্ব্বে থাকে; কিন্তু নিম্নোক্ত

(১) فاعل ও مفعول উভয় পদই اسم مقصور হইলে, এবং فاعل ও مفعول চিনিবার বিষয়ে সন্দেহ উপস্থিত হইলে ; যথা :— ضَرَبَ مُوسىٰ عِيسىٰ মুসা ইসাকে মারিয়াছে। এস্থলে فاعل - مُوسىٰ

আর مفعول عِيسىٰ

(২) فاعل পদ ضمير متصل হইলে ; যথা :— ضَرَبْتُ زَيْدًا আমি যাইদকে মারিয়াছি। এস্থলে ضمير متصل - ت সংযুক্ত পদ ضَرَبْتُ - فاعل রূপে ব্যবহৃত হইয়াছে।

(৩) مفعول এর পূর্বে اِلَّا থাকিলে ; যথা :— مَا ضَرَبَ زَيْدٌ اِلَّا عَمْرًا যাইদ আমর ব্যতীত কাহাকেও মারে নাই।

স্থান বিশেষে فاعل ও فعل উহ্য থাকে।

১। প্রশ্নের উত্তরদানের সময় فعل উহ্য থাকে ; যথা :— مَنْ ضَرَبَ (কে মারিয়াছে ?) زَيْدٌ (যাইদ মারিয়াছে) এস্থলে ضَرَبَ ক্রিয়া উহ্য আছে।

২। সুবিধার্থে কখন কখন فعل উহ্য থাকে ; যথা :— اِنْ اَحَدٌ مِنَ الْمُشْرِكِيْنَ اسْتَجَارَكَ যদি কোন কাফের তোমার নিকট আশ্রয় প্রার্থনা করে, তাহাকে আশ্রয় দান কর। এস্থলে اَحَدٌ পদের পুর্ব্বে اِسْتَجَارَكَ - فعل উহ্য আছে।

৩। প্রশ্নের উত্তর نَعَمْ বা بَلٰى হইলে, فاعل ও فعل উভয়ই উহ্য থাকে ; যথা :— اَلَسْتُ بِرَبِّكُمْ কি আমি তোমার প্রতিপালক নই ?

উত্তর نَعَمْ বা بَلٰى (হাঁ) হইবে। এখানে أَنْتَ رَبُّنَا পদদ্বয় উহ্য আছে।

نَائِبُ الْفَاعِلِ

فعل مجهول এর فاعل কে نائب فاعل বলে। نائب فاعل পদ فعل مجهول এর সহিত فاعل রূপে ব্যবহৃত হয় এবং فعل مجهول এর সম্বন্ধ প্রকাশ করে। نائب فاعل কে مفعول ও বলা যায়। فعل مجهول আপন نائب فاعل কে رفع প্রদান করে ; যথা :— ضُرِبَ زَيْدٌ যাইদ মারা গিয়াছে। এখানে ضُرِبَ পদ فعل مجهول এবং زيد পদ نائب فاعل রূপে فاعل এর স্থান অধিকার করিয়াছে। ইহাকে مَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ বলা যায়।

৩। اَلْجُمْلَةُ الظَّرْفِيَّةُ

যে جملة র প্রথম অংশ ظرف এবং দ্বিতীয় অংশ اسم مرفوع হয়, তাহাকে جملة ظرفية বলে ; যথা :— عِنْدِيْ مَالٌ আমার নিকট মাল আছে। فِى الدَّارِ زَيْدٌ ঘরের মধ্যে যাইদ আছে। عِنْدِيْ زَيْدٌ যাইদ আমার নিকট আছে। এস্থলে عندي ও فى الدار মুবতাদার পূর্ব্বে বসিয়াছে।

৪। اَلْجُمْلَةُ الشَّرْطِيَّةُ

যে جملة র প্রথম অংশ حرف شرط হয় এবং যাহা দুইটি جملة র

اِنْ تُكْرِمْنِيْ اُكْرِمْكَ—ঃ যথা ; বলে جزا কে جملہ দ্বিতীয় এবং شرطيه
যদি তুমি আমার সম্মান কর, আমি তোমার সম্মান করিব।
অথবা একটি فعليه جملہ অপরটি اسمية جملہ হয় ; যথা ঃ—
اِنْ تَضْرِبْنِيْ اَضْرِبْكَ যদি তুমি আমাকে মার, আমি তোমাকে মারিব।

৫। اَلْجُمْلَةُ الْخَبَرِيَّةُ

যে جملہ দ্বারা সত্য বা মিথ্যা কোন خبر (সম্বাদ) পাওয়া যায়, সেই جملہ কে جملہ خبرية বলে ; যথা ঃ—جَاءَ اَحْمَدُ আহমদ আসিল। ইহাও একটি সম্পূর্ণ جملہ فعليه। ইহা দ্বারা কোন একটি সম্বাদ পাওয়া যায় বলিয়াই ইহাকে একটী স্বতন্ত্র নাম দেওয়া হইয়াছে। প্রতীয়মান হইতেছে যে, جملہ خبريه কেবল جملہ فعليه র নামান্তর মাত্র। কারণ যে جملہ র প্রথম অংশ অর্থাৎ مسند পদ فعل হয়, তাহাকে جملہ خبريه বলে, আর فعل ও فاعل এ যে পদ গঠিত হয়, তাহাকে جملہ فعليه ও বলে।

৬। اَلْجُمْلَةُ الْاِنْشَائِيَّةُ

যে جملہ দ্বারা কোন প্রকার ইচ্ছা বা অনুজ্ঞা প্রকাশিত হয়, তাহাকে جملہ انشائيه বলে ; যথা ঃ—اِضْرِبْ মার। جملہ انشائيه তে নিম্নোক্ত দশটী পদের মধ্যে কোন একটী পদ থাকা অবশ্য প্রয়োজনীয়।

اَمْرٌ - نَهْيٌ - اِسْتِفْهَامٌ - تَمَنِّى - تَرَجِّيْ - عُقُوْدٌ - نِدَا - عَرْضٌ -
تَعَجُّبٌ - قَسَمٌ

ইহাদের কোন একটী ব্যতীত جملہ انشائیہ হইতে পারে না; যথা:—اِضْرِبْ - মার। لَا تَضْرِبْ মারিও না, هَلْ ضَرَبَ زَيْدٌ কি যাইদ মারিয়াছে? لَعَلَّ زَيْدًا غَائِبٌ লَيْتَ زَيْدًا حَاضِرٌ যদি যাইদ উপস্থিত থাকিত। সম্ভব যাইদ অনুপস্থিত আছে। بِعْتُ وَاشْتَرَيْتُ বিক্রয় ও ক্রয় করিয়াছিলাম। يَا اللّٰهُ হে খোদা! اَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا কেন তুমি আমার নিকট আস নাই, তাহা হইলে উপকার পাইতে। بِاللّٰهِ لَاَفْعَلَنَّ كَذَا শপথ করিয়া বলিতেছি, এই মতই করিব। مَا اَحْسَنَهُ وَ اَحْسِنْ بِهٖ কি আশ্চর্য্য (খোদা) তাহাকে সুন্দরতা দিয়াছেন।

প্রকৃত পক্ষে جملہ দুই প্রকার اسمیہ جملۂ و فعلیہ جملۂ ظرفیہ جملۂ এক প্রকার اسمیہ جملۂ মাত্র। আর شرطیہ جملۂ দুইটী فعلیہ جملہ অথবা একটী فعلیہ ও একটী اسمیہ جملہ র সংযোগে গঠিত হয়। خبریہ جملہ ও انشائیہ جملۂ কেবল اسمیہ جملۂ ও فعلیہ جملۂ র নামান্তর মাত্র। ইহারা শ্রোতার বুঝিবার ক্ষমতার প্রতি নির্ভর করে।

اَلسَّبَقُ السَّادِسُ

مُتَعَلِّقَاتُ الْجُمْلَةِ

فاعل ও فعل ব্যতীত جملہ র অন্তর্গত অন্যান্য পদ সমূহকে متعلقات جملہ বলে। متعلقات جملہ অষ্ট প্রকার; যথা:—مفعول بہٖ -

- حال - مفعول مَعَهٗ - مفعول لَهٗ - مفعول فِيْهِ - مفعول مطلق ও تميز جار مجرور সর্ব্বাগ্রে স্মরণ রাখা উচিত যে, সকল প্রকার مفعول পদই منصوب হয়।

১। اَلْمَفْعُوْلُ بِهٖ

فاعل এর فعل যাহার প্রতি কার্য্য করে, তাহাকে مفعول به বলে ; যথা :—ضَرَبْتُ زَيْدًا আমি যাইদকে মারিয়াছি, قَتَلَ خَالِدٌ زَيْدًا খালেদ যাইদকে মারিয়াছে। এ স্থলে زَيْدًا পদ مفعول به নির্দ্দিষ্টতা বুঝাইবার জন্য مفعول به কখন কখন فعل এর পূর্ব্বে বসে ; যথা :—اَللّٰهَ اَعْبُدُ আমি আল্লারই আরাধনা করিতেছি। অন্যান্য বিষয় مرفوعات - منصوبات ও مجرورات এর মধ্যে বর্ণিত হইয়াছে।
مفعول فيه পদ منصوب হয়।

২। اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ

যে مصدر - فعل হইতে বহির্গত হইয়া فعل এর পর مفعول রূপে ব্যবহৃত হয়, তাহাকে مفعول مطلق বলে ; مفعول مطلق পদ منصوب হয়। যথা :—ضَرَبْتُ زَيْدًا ضَرْبًا আমি যাইদকে খুব মার মারিয়াছি। ইহা নিম্নোক্ত তিন প্রকারে ব্যবহৃত হইয়া থাকে।

(১) تاكيد অর্থাৎ নিশ্চয়ার্থে ; যথা :—ضَرَبْتُ ضَرْبًا আমি খুব মার মারিয়াছি, اَكَلْتُ اَكْلًا আমি খুব খাওয়া খাইয়াছি, اَخَذْتُ اَخْذًا

আমি খুব ধরণ ধরিয়াছি। (২) উপমার জন্য ; যথা ঃ— جَلَسْتُ جُلْسَةً الْقَارِي আমি কারির ন্যায় বসিয়াছিলাম। (৩) সংখ্যাবাচকরূপে ; যথা ঃ— جَلَسْتُ جَلْسَةً আমি কিছুক্ষণ বসিয়াছিলাম। এস্থলে ضَرْبًا - اَخْذًا - اَكْلاً - جَلْسَةً পদগুলি مفعول مطلق হইয়াছে।

এই مفعول কখন কখন বিভিন্ন শব্দে, কিন্তু এক অর্থে ব্যবহৃত হয় ; যথা ঃ— قَعَدْتُ جُلُوسًا (আমি এক বসা বসিয়াছিলাম) এই স্থলে শব্দদ্বয় قَعَدْتُ ও جَلَسْتُ র একই অর্থ 'বসিয়াছি' কেবল শব্দগত পার্থক্য আছে মাত্র।

সম্ভবার্থে কখন ২ مفعول مطلق এর পূর্ব্বে فعل উহ্য থাকে, যেমন কেহ বাহির হইতে আসিলে বলা যায় خَيْرَ مَقْدَمٍ এস্থলে مَقْدَمٍ এর পূর্ব্বে قَدِمْتَ পদ উহ্য আছে ; যেমন কাহাকেও دُعَا (আশীর্ব্বাদ) করিতে হইলে বলা যায়, رَعْيًا অর্থাৎ رَعَاكَ اللهُ رَعْيًا আল্লাহ্ তোমার প্রতি দয়ালু ও সাহায্যকারী হউক।

৩। اَلْمَفْعُولُ فِيهِ

যে সময় বা যে স্থানে কার্য্য সম্পাদিত হয়, সেই সময় বা স্থানকে مفعول فيه বলে। مفعول فيه পদ منصوب হয়। ইহাকে ظرف ও বলা যায়। ظرف দুই প্রকার— ظَرْفُ الزَّمَانِ ও ظَرْفُ الْمَكَانِ -

ظرف الزمان কার্য্য সম্পাদনের সময় বুঝায়; যথা:— صُمْتُ يوم الجمعة (আমি জুমার দিনে রোজা রাখিয়াছিলাম) ذَهَبَ اليَوْمَ زيد (যাইদ অদ্য গিয়াছে) এস্থলে يوم কে مفعول فيه ظرف زمان বলে। ظرف المكان কার্য্য সম্পাদনের স্থান বুঝায়; যথা:— قُمْتُ خَلْفَكَ (আমি তোমার পিছে দাঁড়াইয়াছিলাম) جَلَسْتُ يَمِينًا وَ شِمَالًا (আমি ডাহিনে বামে বসিয়াছিলাম) ظرف زمان কখন ২ নির্দ্দিষ্ট বা সীমাবদ্ধরূপে ব্যবহৃত হয়; যথা:— يَوْم (দিবস) لَيل (রজনী) شَهر (মাস) আর কখন ২ অনির্দ্দিষ্টরূপে ব্যবহৃত হয়; যথা:— دَهر (কাল) حِين (সময়) ইহাদের পরে فِيْ উহ্য থাকিলে ইহারা نصب পায়; যথা:— سَافَرْتُ شَهرًا (আমি মাসের মধ্যে ভ্রমণ করিয়াছি) قُمْتُ دَهْرًا (আমি কিছুকাল দাড়াইয়াছিলাম) কিন্তু فِيْ ইহাদের পূর্ব্বে থাকিলে ইহারা مجرور হইয়া যায়; যথা:— فِيْ دَهْرٍ ও فِيْ شَهْرٍ

ظرف مكان কখন কখন নির্দ্দিষ্টরূপে ব্যবহৃত হয়; যেমন فَوق (উপর) تَحْتَ (নীচে) يَمِين (ডাহিনে) شِمَال (বাম) خَلْف (পশ্চাতে) قُدَّام (অগ্রে) ইহারা ছয়টী দিক বুঝায়; যথা:— قَامَ زَيدٌ خَلْفَنَا যাইদ আমার পশ্চাতে দাঁড়াইয়াছিল। وَقَفَ بَكْرٌ বকর থামিয়াছিল। يَمِين زَيد যাইদের দক্ষিণ ইত্যাদি।

কিন্তু নির্দ্দিষ্ট ظرف مكان এর পূর্ব্বে في নিশ্চয় থাকে ; যথা :— جَلَسْتُ فِيْ الدَّارِ আমি ঐ ঘরের মধ্যে বসিয়াছিলাম। فِي الْمَسْجِدِ ঐ মসজিদের মধ্যে। এস্থলে جَلَسْتُ الدَّارِ ইত্যাদি হইতে পারে না। তবে কখন কখন دَخَلْتُ র باب এ অবস্থানুসারে كلام কে ছোট করিবার জন্য دَارَ ইত্যাদি منصوب ব্যবহৃত হয় ; যথা :— دَخَلْتُ الدَّارَ وَالْمَسْجِدَ আমি ঐ ঘরের এবং ঐ মসজিদের মধ্যে প্রবেশ করিয়াছিলাম।

৪। الْمَفْعُولُ لَهُ

কোন নির্দ্দিষ্ট উদ্দেশ্যের জন্য যে اسم - مفعول রূপে ব্যবহৃত হয়, তাহাকে مفعول لَهُ বলে ; مفعول له পদ منصوب হয়। যথা :— ضَرَبْتُهُ تَأْدِيْبًا আমি তাহাকে আদব দিবার জন্য মারিয়াছি। ضَرَبْتُهُ تَعْلِيْمًا শিক্ষা দিবার জন্য মারিয়াছি। حَرَبْتُ شُجَاعَةً বীরত্ব হেতু লড়িয়াছি। এখানে شُجَاعَةً - تَعْلِيْمًا - تَأْدِيْبًا পদত্রয় مفعول لَهُ। ইহার পূর্ব্বে যেন একটী ل উহ্য থাকে ; কিন্তু ل যখন লিখিত হয়, তখন ل حرف جر এর কার্য্য করে ; যথা :— ذَهَبْتُ اِلَيْهِ لِلسَّمْنِ আমি তাহার নিকট ঘৃত আনিতে গিয়াছিলাম। এখানে سَمْنٍ

৫। المفعول معه

যে اسم - واو এর সহিত সংযুক্ত হইয়া তাহার পরে ব্যবহৃত হয় এবং فاعل বা مفعول এর সহিত সাদৃশ্য রাখে, তাহাকে مفعول معه বলে ; مفعول معه পদ منصوب হয়। যথা ঃ— جَلَسْتُ وَ زَيْدًا আমি যাইদের সহিত বসিয়াছিলাম। جَاءَ الْبَرْدُ وَ الطَّيَالِسَةَ শীত আসিয়াছিল ও তাহার সঙ্গে চাদর। كَفَاكَ وَ زَيْدًا دِرْهَمٌ তোমার ও যাইদের সহিত এক দেরহাম যথেষ্ট। এখানে زَيْدًا এবং طَيَالِسَةَ পদদ্বয় مفعول معه হইয়াছে।

৬। اَلْحَالُ

যে اسم পদ কেবল فاعل বা مفعول অথবা فاعل ও مفعول উভয় পদেরই অবস্থা বর্ণনা করে, তাহাকে حال বলে ; حال পদ منصوب হয়। যথা ঃ— جَاءَ زَيْدٌ رَاكِبًا যাইদ অশ্বারোহণে আসিয়াছিল। এস্থলে رَاكِبًا পদ حال হইয়া فاعل পদ زَيْدٌ এর অবস্থা বর্ণনা করিতেছে। ضَرَبْتُ زَيْدًا مَشْدُودًا আমি বাঁধা অবস্থায় যাইদকে মারিয়াছি। এস্থলে مَشْدُودًا পদ حال হইয়া مفعول পদ زَيْدًا র অবস্থা বর্ণনা করিতেছে। لَقِيْتُ زَيْدًا رَاكِبَيْنِ আমি যাইদের সহিত সাক্ষাৎ করিয়াছি উভয়ে অশ্বারোহী অবস্থায়। এস্থলে رَاكِبَيْنِ - فاعل ও مفعول উভয় - পদেরই অবস্থা বর্ণনা করিতেছে। এরূপ فاعل ও

معرفه ذوالحال কে ذُوْالحَالْ বলে। حال সর্ব্বদা نکرہ এবং مفعول হইয়া থাকে; কিন্তু ذوالحال যদি نکرہ হয়, তবে حال প্রথমে থাকে; যথা:— جَاءَنِيْ رَاكِبًا رَجُلٌ এক ব্যক্তি অশ্বারোহণে আমার নিকট আসিয়াছিল।

কখন কখন حال পদ جملۂ اسميه হইয়া থাকে, তখন واو এবং ضمير অথবা কেবল واو নিশ্চয় থাকে; যথা:— لاتَقْرَبُوا الصَّلٰوةَ وَ اَنْتُمْ سُكَارٰى নমাজের নিকট আসিও না, যখন তোমরা থাক মাতাল অবস্থায়। এস্থলে حال পদ اَنْتُمْ سُكَارٰى - ও واو এর সহিত মিলিত হইয়া جملۂ اسميه হইয়াছে। كُنْتُ نَبِيًّا وَّ اٰدَمُ بَيْنَ الْمَاءِ وَالطِّيْنِ আমি নবি ছিলাম, যখন আদম পানি ও মাটির মধ্যে ছিল। যখন فعل হইতে مضارع এর অর্থ পাওয়া যায়, তখন কেবলমাত্র ضمير ব্যবহৃত হয়; যথা;— جَاءَ زَيْدٌ يَسْعٰى (যাইদ দৌড়িয়া আসিয়াছে) فعل ماضي - حال রূপে ব্যবহৃত হইলে, তাহার পূর্ব্বে একটী قَدْ বসাইতে হয়; যথা:— جَاءَ زَيْدٌ قَدْ خَرَجَ غُلَامُهٗ যাইদ আসিল, যখন তাহার দাস বাহির হইয়াছে।

৭। اَلتَّمِيْزُ

যে نکرہ اسم দ্বারা কোন বিশেষ গুণ প্রকাশিত হয়, তাহাকে تميز বলে; تميز পদ منصوب হয়। যথা:— جَلَّ زَيْدٌ نَسَبًا (যাইদ

প্রবাহিত করিয়াছি। এই দুইটী উদাহরণে عُيُونًا ও نَسَبًا পদ تميز - تميز যে কেবল فعل এর প্রতি عمل করিয়া থাকে, তাহা নহে, কথন ২ اسم تام ও اسم مقدار রূপে ব্যবহৃত হয়; যথা:— عِشْرُونَ رَجُلًا (কুড়ি জন লোক) رَطْلٌ زَيْتًا (দুই আঁচল গম) قَفِيْزَانِ بُرًّا (আধসের যইতুনের তেল) خَاتَمُ فِضَّةٍ বা خَاتَمٌ فِضَّةً (রৌপ্য অঙ্গুরী)।

যে اسم পদ نون جمع বা نون تثنيه ও تنوين اضافت অথবা ইত্যাদির কোন একটীর সহিত ব্যবহৃত হইয়া সম্পূর্ণ হয়, তাহাকে اسم تام বলে।

আরবী বৈয়াকরণগণ مقدار পদ দ্বারা চারিটী অর্থ গ্রহণ করিয়া থাকেন; যথা:—عدد (সংখ্যা) پيمانه (পরিমাণ) وزن (মাপ) مِسَاحَت (জরিপ কার্য্য)।

৮। اَلْمَجْرُوْرَاتُ

জর প্রাপ্ত اسم কে مجرور বলে। جر ও مجرور উভয়ই উল্লিখিত হইলে, তাহাকে جار مجرور বলে; যথা:—مِنْ بَيْتٍ - فِي الدَّارِ - بِاللّٰهِ

এস্থলে بيت - دار - الله - مجرور এবং مِن - فِي - ب - حرف جر পদ উল্লিখিত হইয়াছে।

مُضَافٌ و مُضَافٌ اِلَيْهِ

যখন কেবল اسم مجرور উল্লিখিত হয় এবং حرف جر উহ্য থাকে, তখন সেই مجرور কে مضاف اليه বলে। যে اسم - مضاف اليه

এর সহিত সম্বন্ধ প্রকাশ করে, তাহাকে مضاف বলে। مضاف اليه সর্ব্বদা مجرور হইয়া থাকে, কিন্তু অবস্থানুসারে مضاف কখন مرفوع কখন منصوب আর কখন বা مجرور হইয়া থাকে। مضاف اليه نكره হইলে তাহার পূর্ব্বে সর্ব্বদা একটী ال تعريفي প্রযুক্ত হয়। مضاف এর পূর্ব্বে ال প্রযুক্ত হয় না ; কিন্তু مضاف - افعال تفضيل হইলে তাহাদের পূর্ব্বে ال বসিতে পারে ; যেমন - اَلرَّجُلُ الْغَيْرُ الْكَاتِبِ مضاف اليه যদি معرفه হয়, তবে তাহার পূর্ব্বে ال প্রযুক্ত হয় না। اضافت এর সময় مضاف এর نون تثنيه - نون جمع - تنوين লোপ পায়।

নিম্নোক্ত উদাহরণ দ্রষ্টব্য ঃ—

(১) خَرَجَ اَصْحَابُ النَّارِ। ذَهَبَ صَاحِبُ الْكَرَمِ দাতা গিয়াছে। দোজখী বাহিরে গিয়াছে। এস্থলে صاحب ও اصحاب পদদ্বয় مضاف এবং مرفوع হইয়াছে, আর نار ও كرم পদদ্বয় مضاف اليه বলিয়া مجرور হইয়াছে।

আরও স্মরণ রাখা উচিত যে, صاحب ও اصحاب দ্বয় فاعل পদ।

(২) قَرَأَ خَالِدٌ كِتَابَ اللهِ খালেদ আল্লার কেতাব পড়িয়াছে। এস্থলে كتاب পদ مضاف হইলেও - منصوب হইয়াছে, কারণ مفعول রূপে ব্যবহৃত হইয়াছে।

(৩) مِنْ اَهْلِ الْكِتَابِ কেতাবপ্রাপ্ত ব্যক্তিদিগের মধ্যে। بِاَصْحَابِ الْفِيْلِ হস্তী আরোহীদিগের সহিত। بِرُوْحِ الْقُدُسِ পবিত্র আত্মার

সহিত। بِاِذْنِ اللّٰهِ আল্লার আদেশে। এস্থলে مضاف পদসমূহ مجرور হইয়াছে, কারণ তাহাদের পূর্ব্বে حرف جر আছে।

(৪) كِتَابُ زَيْدٍ যাইদের পুস্তক। غُلَامُ خَالِدٍ খালেদের দাস। كَلَامُ اللّٰهِ আল্লার কালাম। এস্থলে مضاف اليه পদ معرفه বলিয়া তাহাদের পূর্ব্বে ال প্রযুক্ত হয় নাই।

(৫) غُلَامُ زَيْدٍ যাইদের গোলাম। خَرَجَ غُلَامَا زَيْدٍ যাইদের গোলামদ্বয় গিয়াছে। جَاءَ مُسْلِمُوْا مِصْرَ মেসরের মুসলমানগণ আসিয়াছে। এখানে غُلَامُ - غُلَامَانِ - مُسْلِمُوْنَ পদের نون تثنيه - تنوين ও نون جمع লোপপ্রাপ্ত হইয়াছে।

اَلْاِضَافَتُ

যে চিহ্ন কোন দুইটী اسم এর মধ্যে সম্বন্ধ প্রকাশ করে, তাহাকে اضافت বলে। اضافت দুই প্রকারঃ—معنوي ও لفظي।

اَلْاِضَافَتُ الْمَعْنَوِيَّةُ

যখন اسم فاعل - اسم مفعول বা صفت مشبه ব্যতীত অন্য কোন اسم مضاف হয় এবং حرف جر (যাহাকে تقديري حرف جر বলে) উহ্য থাকে, তখন তাহাকে اِضَافت معنوي বলে। ইহারা নানা প্রকারের হইয়া থাকে; যথাঃ—خَاتَمُ فِضَّةٍ রৌপ্য অঙ্গুরী।

ضَرْبُ الْيَوْمِ দিবাভাগে মারা। كِتَابُ زَيْدٍ যাইদের পুস্তক। এখানে حرف جر- لِ - فِي - مِنْ উহ্য আছে, প্রকৃতপক্ষে ইহারা ছিল كَلَام عَمْرٍ তদ্রূপ كِتَابٌ لِزَيْدٍ - ضَرْبٌ فِى الْيَوْمِ - خَاتَمٌ مِنْ فِضَّةٍ আমরের বাক্য। فُرُوعُ هِنْدٍ হিন্দার জুলফ। يَدُ اللّٰهِ আল্লার হাত। حَسْبُ الْحَالِ অবস্থা মত, طَالِبُ الْعِلْمِ শিক্ষার্থী।

এরূপ اضافت এর উপকার এই যে, যদি اسم نكره পদ معرفه র مضاف হয়, তবে اسم نكره প্রশংসা প্রকাশ করে; আর যদি اسم نكره পদ نكره র مضاف হয়, তবে نكره স্বতন্ত্রতা প্রকাশ করে; কিন্তু غير - مثل ইত্যাদি مضاف হইলে প্রশংসা বা স্বতন্ত্রতা বুঝায় না; যথা ঃ—مَرَرْتُ بِرَجُلٍ غَيْرِ زَيْدٍ আমি এক ব্যক্তির নিকট গিয়াছিলাম যাইদ ব্যতীত।

اَلْاِضَافَتُ اللَّفْظِيَّةُ

যখন কোন صفت আপন فاعل বা مفعول এর مضاف হয়, তখন তাহাকে اضافت لفظي বলে; যথা ঃ—ضَارِبُ زَيْدٍ যাইদকে আঘাতকারী। এরূপ اضافت দ্বারা কেবল تنوين ইত্যাদি লোপ পায় এবং প্রশংসা বা স্বতন্ত্রতা প্রকাশিত হয় না। এইহেতু এরূপ مضاف র প্রতি ال تَعْرِيْفِيْ বসিয়া থাকে; যথা ঃ—اَلضَّارِبُ الرَّجُلِ

দ্রষ্টব্য। صفت আর اضافت দুইটী স্বতন্ত্র বিষয়; অতএব موصوف কখন صفت এর مضاف হইতে পারে না। তবে কখন কখন এইরূপ হইয়া থাকে, যেমন مَسْجِدُ الْجَامِعِ - جَانِبُ الْغَرْبِيِّ - صَلٰوةُ الْاُوْلٰى এই সকল উদাহরণে موصوف পদ صفت এর مضاف হইয়াছে। তাহার কারণ এই যে, এখানে একটী করিয়া শব্দ উহ্য আছে। উপরোক্ত উদাহরণগুলি প্রকৃতপক্ষে مَسْجِدُ الْوَقْتِ الْجَامِعِ - جَانِبُ الْمَكَانِ الْغَرْبِيِّ - صَلٰوةُ السَّاعَةِ الْاُوْلٰى ছিল। অতএব প্রতীয়মান হইতেছে যে প্রকৃতপক্ষে موصوف তাহার صفت র مضاف হয় নাই, বরং অন্য একটী পদের مضاف হইয়াছে।

এই প্রকারে جَرْدُ قَطِيفَةٍ পুরাতন চাদর। اِخْلَاقُ ثِيَابٍ পুরাতন কাপড়। ইহারা প্রকৃত ছিল قَطِيفَةٌ جَرْدٌ ও ثِيَابٌ اِخْلَاقٌ অতএব موصوف এর صفت পদদ্বয় (اِخْلَاقٌ ও جَرْدٌ) اسم مطلق রূপে স্থানে ব্যবহৃত হইয়াছে।

যখন কোন দুই اسم এক অর্থে অথবা একই শব্দ দুইবার উল্লিখিত হয়, তখনও اضافت ব্যবহৃত হয় না; যথা:— اَسَدٌ و لَيْثٌ ব্যাঘ্র, مَنْعٌ و حَبْسٌ নিষেধ, اِنْسَانٌ ও نَاطِقٌ মনুষ্য। اسد لَيْثٍ বলিলে ভুল হইবে।

প্রশ্নাবলী।

১। فعل আর مشبه بفعل কি কি عمل করিয়া থাকে?

২। فعل ও فاعل এর মধ্যে কোন্ ২ বিষয়ে সামঞ্জস্য একান্ত প্রয়োজন?

৩। متعلقات جملة র اعراب কি সর্ব্বদা একরূপ হইয়া থাকে? যদি না হয়, তবে উদাহরণ সহ পার্থক্য প্রদর্শন কর।

৪। ذو الحال কাহাকে বলে এবং কাহার অবস্থা প্রকাশ করে?

৫। مضاف ও مضاف اليه - جار مجرور র প্রভেদ বর্ণনা কর। কোন্ কোন্ স্থলে مضاف এর প্রতি ال বসিতে পারে?

৬। جملة সমূহের বিষয় সংক্ষেপে বাঙ্গালা ভাষায় বর্ণনা কর।

৭। নিম্নোক্ত পদগুলির ভুল সংশোধন পূর্ব্বক অর্থ বাঙ্গলায় লিখ ঃ—

(ক) اَلَمْ تَرَ - اَنْتَ مَوْلاَنَا - اُدْعُوا لَنَا - اُطْلُبُ الْعِلْمَ

(খ) فُتِحَتَ السَّمَاءُ - لاَيَغْلَقُ الْبَابُ - قُتِلَ الْاِنْسَانُ

(গ) قَامَتِ الرِّجَالُ - اِذَا جَاءَكَ الْمُؤْمِنُ - جَاءَ اِخْوَةُ يُوسُفَ

(ঘ) ضَرَبَ زيد عمرا فِي دَارِهِ - اعوذ بِرَبِّ النَّاسِ - دَخَلْتَ الْمَسْجِدِ

(ঙ) يَا بَنِيَ اِسرَائِيلَ - تَبَّتْ يَدَا اَبِي لَهَبٍ - اِنِّي عَبْدُ اللهِ

৮। নিম্নলিখিত পদগুলির تركيب ঠিক কর।

جَاءَنِي رَجُلٌ رَاكِبًا - كَفَاكَ وَ زَيْدًا دِرْهَمٌ - تَحْتَ الشَّجَرَةِ نَامَ زَيْدٌ

اَلسَّبَقُ السَّابِعُ

اَنْوَاعُ الْاَسْمَاءِ

اسم এর অন্ত্যবর্ণের স্থায়িত্ব ও পরিবর্ত্তনানুসারে اسم দুই প্রকার ঃ—
مَبْنِىٌّ ও مُعْرَبٌ

১। اَلْاِسْمُ الْمُعْرَبُ

যে সকল اسم এর শেষ বর্ণের حركات স্থায়ী নহে এবং যাহাদের শেষ বর্ণের حركات সমূহ বিভিন্ন عوامل দ্বারা পরিবর্ত্তন প্রাপ্ত হয়, তাহাদিগকে اسم معرب বলে। اسم متمكن (পরিবর্ত্তনশীল) এবং مضارع (যখন جمع مؤنث ও نون تاكيد হইতে মুক্ত হয়) মাত্রই اسم معرب। ইহার বিশেষ বিবরণ পূর্ব্বেই প্রদত্ত হইয়াছে। اعراب অনুসারে اسم তিন প্রকারের হয়; যথা ঃ—مرفوع - منصوب - مجرور

اَلْاِسْمُ الْمَرْفُوْعُ

যে اسم এর শেষ বর্ণ رفع প্রাপ্ত হয়, তাহাকে مرفوع বলে। নিম্নোক্ত اسم সমূহ مرفوع হয়; যথা ঃ— فاعل - نائب فاعل (مَفْعُولُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ) ও তাহার আনুষঙ্গিক পদ - مبتدا - خبر - اِنَّ র خبر ও তাহার আনুষঙ্গিক পদ - كَانَ র اسم ও لاء لِنَفْيِ الْجِنْسِ এর خبر - ماولا مشبه بليس র اسم।

اَلْاِسْمُ الْمَنْصُوْبُ

যে اسم এর শেষ বর্ণ نصب প্রাপ্ত হয়, তাহাকে منصوب বলে। নিম্নোক্ত اسم সমূহ منصوب হয় ; যথা :— مَفْعُوْلٌ مُطْلَقٌ - مَفْعُوْلٌ بِهٖ - مَفْعُوْلٌ فِيْهِ - مَفْعُوْلٌ لَهٗ - مَفْعُوْلٌ مَعَهٗ - حال - تميز - اِنَّ ও র তাহার সঙ্গীদিগের اسم - كَانَ র خبر ও তাহার আনুষঙ্গিক পদ - مَاوَلَا র خبر ও তাহার আনুষঙ্গিক পদ - لِنَفْيِ الْجِنْسِ لَا এর اِسم এবং مستثنى - কোন কোন অবস্থাতে منادى পদ ও منصوب হয়।

اَلْاِسْمُ الْمَجْرُوْرُ

যে اسم এর শেষ বর্ণ جر প্রাপ্ত হয়, তাহাকে مجرور বলে। নিম্নোক্ত اسم সমূহ مجرور হইয়া থাকে ; যথা :— مضاف اليه এবং যে সকল اسم এর পূর্ব্বে حرف جر বসে। معمول পাঠকালে مرفوعات - منصوبات ও مجرورات এর উদাহরণ দ্রষ্টব্য।

২। اَلْاِسْمُ الْمَبْنِيُّ

বিভিন্ন عوامل অনুসারে যে اسم এর শেষ বর্ণের حركات এর কোন পরিবর্ত্তন হয় না, তাহাকে اِسْمٌ مَبْنِيٌّ বলে। اِسْمٌ مَبْنِيٌّ র حركات কে ضمة - فتح - كسرة ও سكون বলে, ইহাদের বিষয় পূর্ব্বে বর্ণিত - اَلْمُضْمَرَاتُ — যথা :— প্রকার ; আট ...

- اَلْمُرَكَّبَاتُ - اَلْاَصْوَتُ - اَسْمَاءُ الْاَفْعَالِ - اَلْمَوْصُوْلَاتُ - اَسْمَاءُ الْاِشَارَةِ
اَلظُّرُوْفُ - اَلْكِنَايَاتُ

اَلْمُضْمَرَاتُ

১। ضمير তিন প্রকার ; ضمير مرفوع - ضمير منصوب - ضمير مجرور

(ক) اَلضَّمَائِرُ الْمُنْفَصِلَةُ الْمَرْفُوعَةُ

هُوَ - هُمَا - هُمْ　　هِيَ - هُمَا - هُنَّ

اَنْتَ - اَنْتُمَا - اَنْتُمْ　　اَنْتِ - اَنْتُمَا - اَنْتُنَّ

اَنَا　　نَحْنُ

اَلضَّمَائِرُ الْمُتَّصِلَةُ الْمَرْفُوعَةُ

ضَرَبَ - ضَرَبَا - ضَرَبُوا　　ضَرَبَتْ - ضَرَبَتَا - ضَرَبْنَ

ضَرَبْتَ - ضَرَبْتُمَا - ضَرَبْتُمْ　　ضَرَبْتِ - ضَرَبْتُمَا - ضَرَبْتُنَّ

ضَرَبْتُ　　ضَرَبْنَا

ضمير مرفوع পদ فاعل অর্থাৎ مبتدا হয় ; যথা :—هُوَ الْغَفُوْرُ খবর পদ غفور এবং مبتدا হُوَ পদ ضمير مرفوع منفصل এস্থলে হইয়াছে। সেইরূপে ضَرَبْتُ زَيْدًا এ স্থলে ضمير مرفوع متصل ضَرَبْتُ - পদ مبتدا হইয়াছে।

اَلضَّمَائِرُ الْمُنْفَصِلَةُ الْمَنْصُوبَةُ (খ)

إِيَّاهُ - إِيَّاهُمَا - إِيَّاهُمْ   إِيَّاهَا - إِيَّاهُمَا - إِيَّاهُنَّ

إِيَّاكَ - إِيَّاكُمَا - إِيَّاكُمْ   إِيَّاكِ - إِيَّاكُمَا - إِيَّاكُنَّ

إِيَّايَ   إِيَّانَا

اَلضَّمَائِرُ الْمُتَّصِلَةُ الْمَنْصُوبَةُ

ضَرَبَهُ - ضَرَبَهُمَا - ضَرَبَهُمْ   ضَرَبَهَا - ضَرَبَهُمَا - ضَرَبَهُنَّ

ضَرَبَكَ - ضَرَبَكُمَا - ضَرَبَكُمْ   ضَرَبَكِ - ضَرَبَكُمَا - ضَرَبَكُنَّ

ضَرَبَنِيْ   ضَرَبَنَا

ضمير منصوب পদ مفعول বা اِنَّ اسم রূপে ব্যবহৃত হয় ; যথা ঃ— اِيَّاكَ نَعْبُدُ এস্থলে اِيَّاكَ পদ مفعول এবং نَعْبُدُ পদ فاعل হইয়াছে।

اَلضَّمَائِرُ الْمُتَّصِلَةُ الْمَجْرُوْرَةُ (গ)

لَهُ - لَهُمَا - لَهُمْ   لَهَا - لَهُمَا - لَهُنَّ

لَكَ - لَكُمَا - لَكُمْ   لَكِ - لَكُمَا - لَكُنَّ

لِيْ   لَنَا

ضمير مجرور পদ مجرور অর্থাৎ مضاف اليه হইয়া থাকে।

২। যখন مبتدا এবং خبر উভয় পদই معرفة অথবা مبتدا اسم تفضيل من এর সহিত ব্যবহৃত হয়, তখন مبتدا ও خبر এর মধ্যে مرفوع منفصل পদ مبتدا রূপে আনীত হয়। আর তখন مرفوع منفصل কে ضمير فصل বলে। ইহা যেন خبر এবং صفت এর মধ্যে ব্যবধান স্থাপন করে; যথা ঃ— أُولٰئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ তাহারা অব্যাহতি পাইবে। زَيْدٌ هُوَ اَفْضَلُ مِنْ خَالِدٍ - যাইদ, সে খালেদ অপেক্ষা ভাল।

৩। কখন কখন جملة র প্রথমে ضمير غائب আসিয়া থাকে, আর এই ضمير যদি مذكر হয়, তবে তাহাকে ضَمِيْرُ الشَّانِ এবং যদি مؤنث হয়, তবে তাহাকে ضَمِيْرُ الْقِصَّةِ বলে। পরবর্ত্তী جملة তাহার অর্থ প্রকাশ করে; যথা ঃ— هُوَ زَيْدٌ قَائِمٌ সেই যাইদ দাঁড়াইয়া আছে। كَانَ زَيْدٌ قَائِمًا যাইদ দাঁড়াইয়াছিল। كَانَ اللّٰهُ عَلِيْمًا অল্লাহ জ্ঞানী إِنَّهَا هِنْدٌ قَاعِدَةٌ নিশ্চয় হিন্দা উপবিষ্ট।

২। اَسْمَاءُ الْاِشَارَةِ

ইহারা সংখ্যায় ১২ টী যথা ঃ—

ذَا - ذَانِ - ذَيْنِ - تَا - تَانِ - تَيْنِ - ذِهْ - ذِهِيْ - تِيْ - تِهْ - تِهِيْ -

أُوْلٰى বা أُوْلَاءِ কখন কখন تنبيه - (ধমক) এর জন্য هَا এবং خطاب (সম্বোধন) এর জন্য ك উক্ত পদগুলির পূর্ব্বে বসে।

যে اسم এর দিকে اشارہ করা যায়, তাহাকে مُشار اليه বলে, আর কلام ترکيب (বাক্যবিন্যাস) এর জন্য اشارہ اسم কে موصوف এবং مُشَارٌ اليه কে صفت বলে ; যথা :— ذَالِكَ الْكِتَابُ لَارَيْبَ فِيْهِ এ সেই পুস্তক যাহাতে কোন ভুল নাই।

কখন কখন اشارہ পদ مبتدا এবং مشار اليه পদ خبر হয় ; যথা :— هٰذِهٖ جَهَنَّمُ الَّتِي كُنْتُمْ تُوعَدُونَ এ সেই দোজখ যাহার ভয় দেখান হইয়াছে।

যখন مخاطب এর واحد - تثنيه - جمع এবং مذكر ও مؤنث প্রকাশ করা উদ্দেশ্য হয়, তখন اشارہ اسم র সহিত ছয়টী পদ كَ - كُمَا - كُمْ - كِ - كُمَا - كُنَّ প্রযুক্ত হয়, যথা :— ذَالِكَ الْكِتَابُ لَارَيْبَ فِيْهِ ذَالِكُمَا مِمَّا عَلَّمَنِي رَبِّيْ হে রব এই দুই ব্যক্তি আমাকে শিক্ষা দিয়াছে, ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ ইনি তোমাদিগের আল্লাহ এবং প্রতিপালক। كَذَالِكَ اللّٰهُ يَخْلُقُ ইনি সেই আল্লাহ যিনি সৃষ্টিকর্ত্তা فَذَالِكُنَّ الَّذِيْ لُمْتُنَّنِيْ فِيْهِ তোমরা সেই স্ত্রীলোক যাহারা আমাকে ঠাট্টা করিতে এই বিষয়ে।

নিম্নোক্ত পদগুলিও اشارہ اسم রূপে ব্যবহৃত হয় ; যথা :—

أُولٰئِكُمَا - أُولٰئِكَ - تَانِكُمَا - تَانِكَ - ذَانِكُمَا - ذَانِكَ - تِلْكُمَا - تِلْكَ

اَلْاَسْمَاءُ الْمَوْصُوْلَاتُ । ৩

নিম্নোক্ত পদগুলি موصول রূপে ব্যবহৃত হয় ; যথা :— اَلَّذِيْ - اَلَّذَانِ - اَلَّذِيْنَ - اَلَّذَيْنِ - اَلَّتِيْ - اَللَّتَانِ - اَللَّتَيْنِ - اَللَّاتِيْ - اَلْاُوْلٰى - مَا - مَنْ - اَيٌّ - اَيَّةٌ ও اَلْ ইহারা প্রথমভাগে বর্ণিত হইয়াছে।

ال تعريفى পদ الذى র অর্থ প্রদান করে বলিয়া তাহাকে এই শ্রেণীভুক্ত করা হইয়াছে ; যথা :— اَلضَّارِبُ - اَلْمَضْرُوْبُ এখানে ال - الذى'র অর্থ প্রকাশ করিতেছে। مَا - مَنْ - اَيٌّ ও اَيَّةٌ এর বিষয় সেইরূপ ; اَيٌّ ও اَيَّةٌ এর ব্যবহার ৪ প্রকার ; তিন প্রকার معرب আর এক প্রকার مبنى সেই জন্য ইহাদিগকে مبنى ভুক্ত করা হইয়াছে। যথা :— اَيٌّ قَائِمٌ - اَيٌّ هُوَ قَائِمٌ - اَيُّهُمْ هُوَ قَائِمٌ এই উদাহরণত্রয়ে اَيٌّ পদ معرب আর اَيُّهُمْ قَائِمٌ নে اَيٌّ পদ مبنى হইয়াছে।

اَلْخَنَّاسُ الَّذِىْ يُوَسْوِسُ এখানে اَلَّذِيْ পদকে موصول আর يُوَسْوِسُ পদ فعل ضمير কে عَائِدٌ বলে এবং اَلْخَنَّاسُ কে صله বলে। عائد ও صله ব্যতীত কেবল موصول কোন পদকে সম্পূর্ণতা দিতে পারে না, এখানে اَلَّذِيْ فاعل এবং يُوَسْوِسُ فعل হইয়াছে। আর فاعل ও فعل মিলিয়া جملهٔ خبريه হইয়াছে। ইহাকেই جمله صله বলে।

قَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّتِيْ تُجَادِلُكَ আল্লাহ্ নিশ্চয় তোমার সেই

ঝগড়ার কথা শুনিয়াছেন। এখানে تُجَادِلُكَ পদ صلة এবং اَلَّتِيْ موصول - عائد যদি مفعول হয়, তবে তাহা উহ্য থাকে ; যথা :— قَامَ الَّذِيْ ضَرَبْتُ اَيْ ضَرَبْتُهُ সেই লোক দাঁড়াইয়া আছে, যাহাকে আমি মারিয়াছি।

مَنْ - مَا ও اَيٌّ পদত্রয় اَلَّذِيْ অর্থে, اَيَّةٌ পদ اَلَّتِيْ অর্থে, এবং ال পদ اسم فاعل ও اسم مفعول এর প্রতি اَلَّذِيْ অর্থে ব্যবহৃত হয় বলিয়া ইহাদিগকে موصول এর অন্তর্গত করা হইয়াছে। مَا সর্ব্বদা استفهامية রূপে ذا র সহিত ব্যবহৃত হয়।

مَنْ - (কে) ذَوِيْ الْعُقُوْلُ (সজীব) এর জন্য ব্যবহৃত হয় ; যথা :— اَللهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ যাহার ইচ্ছা করেন আল্লা তাহার রোজী বাড়াইতে পারেন।

مَا - (কি) غير ذوى العقول (নির্জীব) এর জন্য ব্যবহৃত হয় ; যথা :— اَنْتُمْ وَمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللهِ حَصَبُ جَهَنَّمَ তোমরা এবং আল্লাহ ব্যতীত যাহাকে তোমরা উপাসনা করিতেছ, সকলেই দোজখের কাষ্ঠ হইবে। উক্ত পদত্রয় موصول ব্যতীত استفهامية—شرطية ও موصوف রূপেও ব্যবহৃত হয় ; যথা :— مَنْ هٰذَا এই ব্যক্তি কে ? مَنْ يَعْمَلْ سُوْءً يُجْزَبِهٖ যে মন্দ কাজ করে, সে তাহার প্রতিফল পায় ;

জন্য যথেষ্ট। مَا عِنْدَكَ তোমার নিকট কি আছে? مَا تَصْنَعْ اَصْنَعْ যাহা তুমি করিবে তাহা আমি করিব। اِضْرِبْهُ ضَرْبًامَّا তাহাকে কিছু মার মার। اَيُّهُمْ اَخُوكَ তাহাদের মধ্যে কে তোমার ভ্রাতা হয়। اَيًّا مَا تَدْعُوا فَلَهُ الْاَسْمَاءُ الْحُسْنٰى যে নামে তুমি তাঁহাকে ডাকিবে (সেই নামই তাঁহার হইবে) কারণ তাঁহার অনেক পবিত্র নাম আছে। يَا اَيُّهَا الرَّجُلُ হে সেই ব্যক্তি। ইহাদের মধ্যে ما استفهاميه র প্রতি حرف جر বসিলে الف লোপ পায়; যথা ঃ— عَمَّ يَتَسَاءَلُونَ কি বিষয়ে তাহারা জিজ্ঞাসা করিতেছে। ইহা প্রকৃত পক্ষে عَنْ - مَا হইতে উৎপন্ন।

اَسْمَاءُ الْاَفْعَالِ । ৪

যে সকল اسم রূপে فعل এর ন্যায় না হইলেও فعل এর স্থানে ব্যবহৃত হইয়া فعل এর ন্যায় নির্দ্দিষ্ট অর্থ প্রকাশ করে, তাহারা সংখ্যায় নয়টী; যথা ঃ—دُونَكَ - بَلْهَ - عَلَيْكَ - حَيْهَلْ - هَا - رُوَيْدَ - هَيْهَاتَ - سَرْعَانَ - شَتَّانَ -

(১) ইহাদের মধ্যে প্রথম ছয়টী امر حاضر مبني অর্থাৎ উপস্থিত অনুজ্ঞা বুঝায় এবং তাহারা اسم এর প্রতি نصب প্রদান করে; যথাঃ— دُونَكَ (ধর)—دُونَكَ اللَّبَنَ দুগ্ধধর। بَلْهَ (ত্যাগ কর)—

بَلْهَ التَّفَكُّرَ فِيْمَا لَا يَعْنِيْكَ সে বিষয়ে অনর্থক চিন্তা ত্যাগ কর।

عَلَيْكَ (গ্রহণ কর) عَلَيْكَ الرِّفْقَ বন্ধুতা গ্রহণ কর। حَيَّهَلْ

(আনয়ন কর) حَيَّهَلِ الثَّرِيْدَ—সরিদ আন। যে পদার্থ রুটী ঝোল

বা দুগ্ধের সহিত মিশ্রিত থাকে, তাহাকে ثريد বলে।

هَا (ধর) هَا زَيْدًا—যাইদকে ধর। هَا শব্দ তিন রূপে ব্যবহৃত

হয়; যথা:—هَا - هَاءِ - هَاءَ ইহাদের মধ্যে هَاءَ শব্দ শ্রুতিমধুর এবং

ইহার واحد - تثنيه ও جمع ব্যবহৃত হয়, هَاءَ - هَاؤُمَا - هَاؤُمْ যেমন

পবিত্র কোরাণে উল্লিখিত আছে। هَاؤُمُ اقْرَؤُا كِتَابِيَهْ এই পুস্তক পড়? هَاءُ

رُوَيْدَ—(ছাড়িয়া দাও) رُوَيْدَ زَيْدًا যাইদকে যাইতে দাও। কখন

কখন مصدر এর অর্থ প্রকাশ করে; যেমন أَمْهِلْهُمْ رُوَيْدًا এখানে رُوَيْدًا

অর্থে ছাড়িয়া দেওন বুঝায়।

(২) দ্বিতীয় তিনটিকে مبنى ماضى বলে। ইহারা اسم কে رفع

দিয়া থাকে; যথা:—هَيْهَاتَ (দূর হইয়াছে) هَيْهَاتَ زَيْدٌ - যাইদ

দূর হইয়াছে। شَتَّانَ (পৃথক হইয়াছে) شَتَّانَ زَيْدٌ وَعَمْرٌو - যাইদ ও

আমর পৃথক হইয়াছে। سَرْعَانَ (সত্বর করিয়াছিল) سَرْعَانَ زَيْدٌ -

যাইদ সত্বর করিয়াছিল।

এতদ্ব্যতীত নিম্নলিখিত পদ কয়টী فعل এর অর্থ প্রকাশ করে ;
عَلَيَّ بِهٖ (গ্রহণ কর) مَهْ (কর না) صَهْ (চুপ কর) فقط (মাত্র) اٰمين (আমার কর্ত্তব্য) هَيْتَ لَكَ (তোমার জন্য আন) هَاتِ (দাও) اِلَيْكَ পশ্চাতে রাখ।

কোন এক বৈয়াকরণ অনুমান করেন যে هَاتِ প্রকৃত পক্ষে آتِ অর্থাৎ اٰتِى ও يُوٰتِى এর باب হইতে আসিয়াছে এবং উহা হইতে هَاتُوا - هَاتِيَا - هَاتِ— যথা ঃ— جمع ও تثنيه - واحد হইয়া থাকে ; যেমন আল্লা কোরাণে বলিয়াছেন قُلْ هَاتُوا بُرْهَانَكُمْ বল, তোমাদিগের প্রমাণ আনয়ন কর ?

৫। اَسْمَاءُ الْاَصْوَاتِ

যে اسم দ্বারা কোন জন্তুর স্বর প্রকাশিত হয়, তাহাকে اسم صوت বলে ; যথা ঃ— غَاقِ غَاقِ কাকের স্বরের অনুকরণ, نَخٍّ نَخٍّ এই স্বর দ্বারা উটকে বসান হয়, اُحٍّ اُحٍّ কাশির শব্দ।

৬। اَلْمُرَكَّبَاتُ بِنَائِى

যখন কোন দুইটী পদ মিলিয়া একটী পদ উৎপন্ন হয়, তখন তাহাকে مركب بنائى বা مركب امتزاجى বলে। এইরূপে যে শব্দদ্বয় মিলিত হয়, তাহাদের মধ্যে اضافت এর বা অন্য কোন প্রকারের চিহ্ন থাকে না। এইরূপ সংযোগের নিম্নোক্ত তিনটী নিয়ম আছে।

(১) দ্বিতীয় পদ حرف হইলে, উভয় পদের শেষ বর্ণ مبني مفتوح হয় ; যথা ঃ أَحَدَ عَشَرَ হইতে تِسْعَ عَشَرَ পর্য্যন্ত। কেবল মাত্র اِثْنَا عَشَرَ নিয়মবহির্ভূত কারণ اِثْنَا পদ معرب

(২) দ্বিতীয় পদ اسم صوت হইলে, প্রথম পদ مفتوح এবং দ্বিতীয় পদ مكسور হয় ; যথা ঃ—سِيبَوَيْهِ = سِيبَ + وَيْهٌ

(৩) দ্বিতীয় পদ اسم صوت না হইলে, প্রথম পদ مفتوح এবং দ্বিতীয় পদ معرب হইবে ; কিন্তু এইরূপ معرب পদের اعراب - غير منصرف এর اعراب এর ন্যায় হয় ; যথা ঃ—بَعْلَبَكُّ ইহা بَعْلَ (প্রতিমার নাম) ও بَكُّ (সহরের নাম) র যোগে উৎপন্ন।

৭। أَسْمَاءُ الْكِنَايَاتِ

যে اسم দ্বারা কোন অজ্ঞাত পদার্থের ন্যূনাধিক্যের বিষয় বর্ণিত হয়, তাহাকে اسم كناية বলে। ইহারা সংখ্যায় চারিটী মাত্র ; যথা ঃ—كَمْ (কত) - كَذَا (এত) - كَيْتَ (এমত) ذَيْتَ (এমন)

كَمْ ও كَذَا সংখ্যাবাচক এবং كَيْتَ ও ذَيْتَ অনুজ্ঞাসূচক।

(১) كَمْ যদি استفهامية (অনুজ্ঞাসূচক) হয়, তবে তাহার সংখ্যা-বাচক পদটী منصوب مفرد হয় ; যথা ঃ—كَمْ دِرْهَمًا عِنْدَكَ - তোমার নিকট কত দেরহম আছে ? (২) আর كم যদি خبرية (সম্বাদ সূচক)

كَمْ دِيْنَارٍ عِنْدِي আমার নিকট যথেষ্ট দিনার আছে। যখন বিশেষ্য পদটী مجموع مجرور হয় ; যথা كَمْ رِجَالٍ لَقِيْتُمْ তোমরা অনেক লোক দেখিয়াছ। তখন مِنْ উভয়ের বিশেষ্য পদের পূর্ব্বে আসিয়া থাকে ; যথা ঃ—كَمْ مِنْ رَجُلٍ ضَرَبْتُ - কতই লোককে মারিয়াছি। كَمْ مِنْ مَلَكٍ فِي السَّمٰوٰتِ - আকাশে কতই ফেরেস্তা আছে অর্থাৎ আকাশে অনেক ফেরেস্তা আছে। কিন্তু যখন সম্ভব বুঝায় তখন كم এর تميز (বিশেষ্য পদ) উহ্য থাকে : যথাঃ—كَمْ مَالُكَ তোমার কত মাল আছে ? প্রকৃত ছিল كَمْ دِيْنَارًا مَالُكَ - كَمْ ضَرْبَةٍ ضَرَبْتُ يَاكَمْ ضَرَبْتُ কত মার মারিয়াছি। كَذَا দুইবার লিখিত হয় এবং ইহার تميز পদ مفرد منصوب হয় ; যথা ঃ—قَبَضْتُ كَذَا وَكَذَا دِرْهَمًا - আমি এত এত দেরহাম লইয়াছি। - كَيْتَ فِي الْهِدَايَةِ - এইরূপই হেদায়াতে আছে। ذَيْتَ فِي الْبُخَارِيْ এমনই বোখারিতে আছে।

৮। اَلظُّرُوْفُ الْمَبْنِيَّةُ

যে ظرف এর শেষ বর্ণের حركت - مبنيه হয়, তাহাকে ظرف مَبْنِيَّه বলে। ظرف مَبْنِيَّه দ্বাদশটী এবং ইহাদের কোন কোনটীর প্রতি ضَمّه কোন কোনটীর প্রতি فتح কোন কোনটীর প্রতি سكون - مبنيه হয়।

১। أَسْمَاءُ الْجِهَاتِ (দিকের নাম) ইহারা সংখ্যায় ছয়টী মাত্র ; যথা ঃ— قَبْلُ - بَعْدُ - تَحْتُ - فَوْقُ - قُدَّامُ - خَلْفُ ইহাদের مضاف اليه যখন উহ্য থাকে, তখন তাহারা مفهوم হয়।

سُنَّةَ اللّٰهِ الَّتِيْ قَدْ خَلَتْ مِنْ قَبْلُ - যথা ঃ— قَبْلُ - আল্লার স্বমত যাহা ইতিপূর্ব্বে গত হইয়াছে। এস্থলে قَبْلُ র পর هٰذَ الزَّمَانِ উহ্য আছে। এরূপ উহ্য مضاف اليه কে غايات বলে। এইরূপ উহ্য مضاف اليه পদ سماعي হয়, قياسي হয় না ; যথা ঃ— سُئِلَ مُوسٰى مِنْ قَبْلُ - মুসা ইতিপূর্ব্বে জিজ্ঞাসিত হইয়াছিলেন। فَلِمَ تَقْتُلُوْنَ اَنْبِيَاءَ اللّٰهِ مِنْ قَبْلُ অতএব, কেন তোমরা আল্লার আম্বিয়াদিগকে কাটিতে ইতিপূর্ব্বে। কিন্তু ضمير এর সহিত মিলিত হইলে পরিবর্ত্তন হয় ; যথা ঃ— مِنْ قَبْلِكَ - مِنْ قَبْلِكُمْ

২। حَيْثُ (যেখানে, কোথায়) ইহাকে ظرف مكان (স্থানাধিকরণ) বলে, এবং ইহা সতত مضموم مبنى হয় ; যথা ঃ—

اِجْلِسْ حَيْثُ زَيْدٌ جَالِسٌ - বস যেখানে যাইদ বসিয়া আছে। قُمْ حَيْثُ قَامَ زَيْدٌ - দাঁড়াও যেখানে যাইদ দাঁড়াইয়া আছে। حَيْثُ সর্ব্বদা جملة র দিকে مضاف হয়।

৩। إِذَا - (যখন) ইহা ماضى র পূর্ব্বে বসে কিন্তু مستقبل অর্থ প্রকাশ করে ; যথা ঃ—إِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ - যখন আল্লার অনুগ্রহ আসিবে। কখন কখন استمراري র অর্থ প্রকাশ করে ; যথা ঃ—إِذَا قِيْلَ لَهُمْ لَا تُفْسِدُوْا فِي الْاَرْضِ - যখন তাহাদিগকে বলা যায় যে, পৃথিবীতে বিবাদ করিও না। কখন কখন مفاجات (হঠাৎ) এর অর্থ প্রকাশ করে ; যথা ঃ—خَرَجْتُ فَاِذَا السَّبُعُ وَاقِفٌ - আমি বাহিরে গিয়া হঠাৎ একটী ব্যাঘ্র দণ্ডায়মান দেখিলাম।

৪। إِذْ - (যখন) ইহা مضارع এর পূর্ব্বে ব্যবহৃত হইলেও ماضى র অর্থ প্রদান করে ; যথা ঃ—وَاذْكُرُوْا اِذْ اَنْتُمْ قَلِيْلٌ স্মরণ কর, যখন তোমরা সংখ্যায় অল্প ছিলে। এস্থলে إِذْ এর পর اَنْتُمْ قَلِيْلٌ - جملة اسمية আসিয়াছে, وَاِذْ يَرْفَعُ اِبْرٰهِيْمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ - যখন ইব্রাহিম ঘরের ভিত্তি স্থাপিলেন। এস্থলে إِذْ এর পর جملة فعلية আসিয়াছে। إِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ - যখন মুসা আপন সম্প্রদায়কে বলিয়াছিলেন। إِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ - যখন আমি তোমাদিগের নিকট হইতে অঙ্গীকার লইয়াছিলাম। إِذْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ - যখন মুসাকে আমি কেতাব দিয়াছিলাম।

إِذْ যখন بَيْنَ (যখন) ও بَيْنَمَا (যখন) র উত্তরে ব্যবহৃত হয়, তখন إِذْ مفاجات র অর্থ দেয় ; যথা ঃ— بَيْنَمَا أَنَا جَالِسٌ - إِذَا أَقْبَلَ زَيْدٌ যখন আমি বসিয়াছিলাম হঠাৎ যাইদ আসিয়াছিল।

৫। أَيْنَ (কোথায়) أَنَّى (কোথায়, যেখানে) পদ ظرف مكان এর জন্য ব্যবহৃত হয় ; যথাঃ— أَيْنَ الْمَفَرُّ - লুকাইবার স্থান কোথায়। أَنَّى لَكِ هٰذَا - ইহা কোথা হইতে পাইলে। أَيْنَ تَجْلِسْ أَجْلِسْ - তুমি যেখানে বসিবে আমি সেখানে বসিব। أَنَّى تَكُنْ أَكُنْ - যেখানে তুমি হইবে আমি হইব। أَنَّى কখন কখন كَيْف র অর্থ দেয় ; যথা ঃ— أَنَّى يَكُونَ لِي وَلَدٌ وَلَمْ يَمْسَسْنِي بَشَرٌ কি প্রকারে আমার সন্তান হইবে, যখন আমাকে কেহ অর্থাৎ কোন পুরুষ ছোঁয় নাই।

৬। مَتٰى (কখন) সময়ের জন্য ব্যবহৃত হয় ; যথা ঃ— مَتٰى تُسَافِرُ তুমি কখন সফরে যাইবে। مَتٰى কখনও কখনও شرط (যদি) এর অর্থ প্রদান করে ; যথা ঃ— مَتٰى تَقُمْ أَقُمْ - যদি তুমি উঠ আমি উঠিব।

৭। أَيَّانَ (কখন) ইহার শেষ বর্ণ সর্ব্বদা مفتوح হয় এবং কাল বুঝায় ; যথা ঃ— أَيَّانَ يَوْمُ الدِّيْنِ - কখন কেয়ামত হইবে। أَيَّانَ কেবল ভবিষ্যৎকালের জন্য, আর مَتٰى সকল কালের জন্য ব্যবহৃত হয়। أَيَّانَ কোন বড় কার্য্যের জন্য ব্যবহৃত হয়।

৮। كَيْفَ (কেমন) র শেষ বর্ণ সর্ব্বদা مفتوح হয় এবং বর্ত্তমান-কালে সম্বোধন বুঝায়; যথা:— كَيْفَ أَنْتَ - তুমি কেমন আছ?

৯। مُذْ ও مُنْذُ (হইতে) উভয়ই কাল বুঝায়; যথা:— مَا رَأَيْتُهُ مُذْ يا مُنْذُ يَوْمِ الْجُمُعَةِ জুম্মার দিন হইতে তাহাকে দেখি নাই। مَا رَأَيْتُهُ مُنْذُ - يَوْمٌ - يَوْمَانِ - ثَلٰثَةُ أَيَّامٍ - আমি তাহাকে এক দিন, দুই দিন বা তিন দিন হইতে দেখি নাই। আরবী বৈয়াকরণগণ مُذْ ও مُنْذُ কে مبتدأ এবং তাহাদের পরবর্ত্তী পদকে خبر বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন।

১০। لَدُنْ ও لَدَى পদদ্বয় عِنْدَ (নিকট) র অর্থ বুঝায়; যথা:— اَلْمَالُ لَدَيْكَ তোমার মাল আছে। তবে প্রভেদ এই যে, عِنْدَ বলিলে বাড়ীতে বা অন্য কোন স্থানে থাকা বুঝায়, আর لَدَى বা لَدُنْ বলিলে সেই সময়ে সঙ্গে বা নিকটে মউজুদ থাকা বুঝায়; যথা:— اَلْمَالُ عِنْدَ زَيْدٍ - যাইদের মাল আছে। কিন্তু اَلْمَالُ لَدَى زَيْدٍ বলিলে মাল যাইদের সঙ্গে মউজুদ আছে বুঝায়।

১১। قَطُّ (কখন না) সর্ব্বদা مضموم হয় এবং অতীতকালে 'না' অর্থ প্রদান করে; যথা:— مَا رَأَيْتُهُ قَطُّ - আমি তাহাকে কখনই দেখি নাই।

১২। عَوْضُ (কখন না) সর্ব্বদা مضموم হয় এবং ভবিষ্যৎকালে 'না' বুঝায়; যথা:—لَا أَضْرِبُهُ عَوْضُ - আমি তাহাকে কখনই মারিব না। لَا أُطِيعُهُ عَوْضُ - কখনই তাহার বশীভূত হইব না।

প্রশ্নাবলী।

১। اسماء مبنيه র حركات এর নাম কি?

২। اسماء الافعال আর فعل এর অর্থে কোন প্রভেদ আছে কি না?

৩। أَيَّانَ - مَتَى - এবং لَدَى র অর্থের প্রভেদ বর্ণনা কর।

৪। مركب بنائى ইর নিয়ম কয়টীর উদাহরণ বর্ণনা কর।

৫। اسماء الكنايات এর বিষয় যাহা জান লিখ।

৬। طرف مبنيه গুলির নাম কর।

اَلسَّبَقُ الثَّامِنُ

اَلْعَوَامِلُ

যে كلمه তাহার পরবর্ত্তী কোন كلمه র অন্ত্যবর্ণের حركت এর পরিবর্ত্তন সাধন করে, তাহাকে পরবর্ত্তী كلمه র عامل বলে। আর যে كلمه র حركت এর পরিবর্ত্তন সাধিত হয়, তাহাকে معمول বলে। عامل এর বহুবচন عوامل আরবী ভাষায় এক শতটী পদ عوامل নামে কথিত।

عامل দুই প্রকার:—لَفْظِيٌّ ও مَعْنَوِيٌّ

যে عامل পদ حرف - اسم বা فعل দ্বারা প্রকাশিত হয়, তাহাকে عامل لفظی বলে। আর যে عامل পদ عامل لفظی হইতে মুক্ত থাকিয়া অপ্রকাশিত ভাবে عامل এর কার্য্য করে, তাহাকে عامل معنوي বলে, অর্থাৎ عامل لفظي এর অনুপস্থিতিকেই عامل معنوی বলে।

عامل لفظي পুনশ্চ দুই প্রকার ঃ— سَمَاعِيٌّ ও قِيَاسِيٌّ

اَلْعَوَامِلُ السَّمَاعِيَّةُ

سماعی অর্থে শ্রুত অর্থাৎ যে সকল عوامل আরবদিগের ব্যবহারে প্রাপ্ত ও শ্রুত হওয়া যায়, তাহাদিগকে عوامل سماعی বলে। عوامل سماعی তের প্রকার। ইহাদের মধ্যে প্রথম ছয়টী حرف - সাত হইতে নয় পর্য্যন্ত اسم—আর দশ হইতে তের পর্য্যন্ত فعل

اَلنَّوْعُ الْاَوَّلُ

নিম্ন উক্ত সপ্তদশ আরবী অব্যয়। اسم مجرور করিয়া থাকে নিচয়।

بَا و تَا و كَافْ ولَامْ و وَاوْ - مُنْذُ - مُذْ - خَلَا

